

# বার্ষিক প্রতিবেদন

২০২০-২০২১



বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ  
যানজট কমাতে মেট্রোরেল



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

(শতভাগ সরকারি মালিকানাধীন কোম্পানি)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



## ভূমিকা

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নেটওয়ার্কের পরিকল্পনা, সার্ভে, ডিজাইন, অর্থায়ন, নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত The Companies Act 1994 অনুযায়ী গত ০৩ জুন ২০১৩ তারিখ শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL) গঠন করা হয়। DMTCL এর Authorized Share Capital ১০ (দশ) হাজার কোটি টাকা এবং Paid-up Capital ৫০০ (পাঁচশত) কোটি টাকা।

## রূপকল্প

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ  
যানজট কমাতে মেট্রোরেল

## অভিলক্ষ্য

দুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন

## পরিচালনা পরিষদ

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ১১ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পরিষদ রয়েছে (পরিশিষ্ট-ক)। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ পরিচালনা পরিষদের চেয়ারম্যান। পরিচালনা পরিষদের প্রথম সভা ১৬ নভেম্বর ২০১৪ তারিখ অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত পরিচালনা পরিষদের মোট ৪২টি সভা অনুষ্ঠিত হয়েছে (পরিশিষ্ট-খ)। তন্মধ্যে ২০২০-২০২১ অর্থবছরে পরিচালনা পরিষদের মোট ৫টি সভা নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। সভাসমূহে গৃহীত ২৯টি সিদ্ধান্তের মধ্যে ২৭টি সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। অবশিষ্ট ০২টি সিদ্ধান্ত বাস্তবায়নাদীন আছে। ০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত যৌর পরিচালনা পরিষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা [পরিশিষ্ট-গ](#) তে দেয়া হয়েছে।

## বার্ষিক সাধারণ সভা

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ৭ম বার্ষিক সাধারণ সভা নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে গত ৩০ ডিসেম্বর ২০২০ তারিখ ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। এই বার্ষিক সাধারণ সভায় কোম্পানির ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত বছরের হিসাব বিবরণীসমূহ, নিরীক্ষকের প্রতিবেদন, পরিচালকমন্ডলীর প্রতিবেদন, পরিচালকগণের নির্বাচন/পুনঃনির্বাচন, কোম্পানির নিরীক্ষক পুনঃনিয়োগ ও নিরীক্ষকের ফি



৩০ ডিসেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত ডিএমটিসিএল-এর ৭ম বার্ষিক সাধারণ সভা

বিবেচনা করে অনুমোদন করা হয়। উল্লেখ্য যে, ডিএমটিসিএল-এর প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম এবং ষষ্ঠ বার্ষিক সাধারণ সভা যথাক্রমে গত ১৬ নভেম্বর ২০১৪ তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখ ও ২৩ ডিসেম্বর ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়েছিল।

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ শিরোনামে প্রকাশিত নির্বাচনী ইশতেহার ২০১৮তে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা Mass Rapid Transit (MRT) Line-6 নির্মাণ এবং ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকা সমন্বয়ে মেট্রোরেল নেটওয়ার্ক গড়ে তোলার প্রতিশ্রুতি রয়েছে। সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনাসমূহে এবং প্রেক্ষিত পরিকল্পনায় প্রতিশ্রুতির প্রতিফলন করা হয়েছে। এই প্রেক্ষাপটে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের সমন্বয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নে উল্লিখিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:


### ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	উড়াল
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

এই কর্মপরিকল্পনা অনুসরণে উত্তরা ওয় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম দূতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি ৬৭.৬৩ শতাংশ। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৮৭.৮০ শতাংশ। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬৫.৪৮ শতাংশ। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৫৯.৪৮ শতাংশ। MRT Line-6 এর নির্মাণ কাজের ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন হল:

- মোট ২০.১০ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ১৫.৯৩৩ কিলোমিটার ভায়াডাক্টের Erection সম্পন্ন হয়েছে;
- প্রথম ৯টি মেট্রোরেল স্টেশনের Sub-structure ও Concourse ছাদ নির্মাণ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট মেট্রোরেল স্টেশনসমূহের নির্মাণ কাজ অব্যাহত আছে;
- উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনের প্ল্যাটফর্ম ও Steel Roof Structure নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট স্টেশনসমূহের প্ল্যাটফর্ম ও Steel Roof Structure নির্মাণ কাজ চলমান আছে;
- ডিপোর অভ্যন্তরে রেল লাইন স্থাপন কাজ সমাপ্ত হয়েছে এবং ভায়াডাক্টের উপরে মেইন লাইনে ১৪.৫০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে;
- ডিপোর অভ্যন্তরে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং ভায়াডাক্টের ওপর আগারগাঁও মেট্রোরেল স্টেশন পর্যন্ত ১০.৫০ কিলোমিটার ট্র্যাকে OCS Mast স্থাপন করা হয়েছে;
- ডিপো ও ভায়াডাক্টের উপরে ১২.৫০ কিলোমিটার ওয়্যারিং সম্পন্ন হয়েছে; এবং
- গত ২৩ এপ্রিল ২০২১ তারিখ প্রথম মেট্রো ট্রেন সেট এবং গত ০৩ জুন ২০২১ তারিখ দ্বিতীয় মেট্রো ট্রেন সেট ঢাকার উত্তরাস্থ ডিপোতে এসে পৌঁছেছে ও ডিপোর অভ্যন্তরে মেট্রো ট্রেন দুইটির নির্ধারিত টেস্টিং কাজ চলমান আছে।





ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার সমন্বয়ে গঠিত ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক



মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত Detailed Design ও ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design, ভূমি অধিগ্রহণ ও দরপত্র প্রক্রিয়াকরণের কার্যক্রম চলমান আছে। **কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আভারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।** ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ ও ১৪টি স্টেশন বিশিষ্ট MRT Line-5: Northern Route-এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detail Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। **এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor.** ২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ এবং ১৬টি স্টেশন বিশিষ্ট MRT Line-5: Southern Route নির্মাণের নিমিত্ত Feasibility Study ও Basic Design এর কাজ চলছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের নিমিত্ত Preliminary Study চলমান আছে। ২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল নেটওয়ার্কের মোট দৈর্ঘ্য ১২৯.৯০১ কিলোমিটার। তন্মধ্যে উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার। মোট স্টেশন সংখ্যা ১০৫টি। তন্মধ্যে উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি। এমআরটি লাইনভিত্তিক দৈর্ঘ্য ও স্টেশন সংখ্যার বিভাজন নিম্নে দেয়া হল:


এমআরটি লাইনের নাম	কিলোমিটারে দৈর্ঘ্য			স্টেশনের সংখ্যা		
	মোট	উড়াল	পাতাল	মোট	উড়াল	পাতাল
এমআরটি লাইন-৬	২১.২৬	২১.২৬	-	১৭	১৭	-
এমআরটি লাইন-১	৩১.২৪১	১১.৩৬৯	১৯.৮৭২	২১	০৭	১৪
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	২০.০০	০৬.৫০	১৩.৫০	১৪	০৫	০৯
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	১৭.৪০	০৪.৬০	১২.৮০	১৬	০৪	১২
এমআরটি লাইন-২	২৪.০০	০৯.০০	১৫.০০	২২	০৪	১৮
এমআরটি লাইন-৪	১৬.০০	১৬.০০	-	১৫	১৫	-
<b>মোট</b>	<b>১২৯.৯০১</b>	<b>৬৮.৭২৯</b>	<b>৬১.১৭২</b>	<b>১০৫</b>	<b>৫২</b>	<b>৫৩</b>

### Upcoming Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলসমূহ

মেট্রোরেল আইন ২০১৫ এর ধারা-১ এর উপধারা-(২) (ক) অনুযায়ী বাংলাদেশ সরকারের ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাকে মেট্রোরেলের কার্যক্রমের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। এই প্রেক্ষাপটে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় নারায়ণগঞ্জ মহানগরীকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনা হচ্ছে। প্রণীতব্য দ্বিতীয় কর্মপরিকল্পনায় MRT Lien-6-কে গাজীপুর মহানগরী পর্যন্ত, MRT Lien-1-কে পূর্ব দিকে বর্ধিত করে নরসিংদী জেলার মাখবদী পর্যন্ত ও দক্ষিণ দিকে বর্ধিত করে মুন্সীগঞ্জ জেলার ঝিলমিল পর্যন্ত, MRT Lien-5: Northern Route-কে ঢাকা জেলার নবীনগর পর্যন্ত এবং MRT Lien-5: Southern Route-কে নারায়ণগঞ্জ জেলার বরপা পর্যন্ত বর্ধিত করার পরিকল্পনা রয়েছে। এরই ধারাবাহিকতায় অদূর ভবিষ্যতে মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ এবং নরসিংদী জেলা শহরকে মেট্রোরেল নেটওয়ার্কের আওতায় আনা হবে। Strategic Transport Plan 2015-2035 (Revised and updated up to 2015) এর পরবর্তী সংশোধনের সময় Upcoming Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলসমূহ অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করা হবে। একই আইনের ধারা-১ এর উপধারা-(২) (খ) অনুযায়ী চট্টগ্রাম মহানগরীতে সরকারের মেট্রোরেল নির্মাণের পরিকল্পনা রয়েছে।

## মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে **স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল** এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে একটি মিনি পুস্তিকা অক্টোবর ২০২০ মাসে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক প্রকাশ করা হয়। পুস্তিকাটি বহুল প্রচারের জন্য মূদ্রণ করে বিতরণ এবং ডিএমটিসিএল এর ওয়েবসাইটেও আপলোড করা হয়েছে। বিভিন্ন দেশে অনুষ্ঠিত মেলায় পুস্তিকাটি প্রদর্শন ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে সংরক্ষণের নিমিত্ত প্রেরণ করা হয়েছে।



### স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল এবং Dream Comes True: Metro Rail পুস্তিকার প্রচ্ছদ

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উদ্যোগে ১৭ অক্টোবর ২০২০ তারিখ একটি আলোচনা সভা ডিএমটিসিএল এর সভা কক্ষে ও Zoom Cloud-এ অনুষ্ঠিত হয়।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা



এই আলোচনা সভায় Zoom Cloud এর মাধ্যমে জনাব ওবায়দুল কাদের এমপি, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন। বিশেষ অতিথি ও মুখ্য আলোচক হিসেবে Zoom Cloud এর মাধ্যমে অংশ গ্রহণ করেন ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি। বিশেষ অতিথি ও নির্ধারিত আলোচক হিসেবে Zoom Cloud এর মাধ্যমে অংশ গ্রহণ করেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। বিশেষ অতিথি ও নির্ধারিত আলোচক হিসেবে অংশ গ্রহণ করেন অধ্যাপক ড: সৈয়দ আনোয়ার হোসেন, বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)। সভায় সভাপতিত্ব করেন জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে চেয়ারম্যান, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর নেতৃত্বে টিম ডিএমটিসিএল গত ০৬ মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে।



টিম ডিএমটিসিএল কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষ্যে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে টিম ডিএমটিসিএল শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে। এরই ধারাবাহিকতায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উদ্যোগে গত ২৪ মার্চ ২০২১ তারিখ মোহাম্মদপুরস্থ নূরজাহান রোডে অবস্থিত বায়তুল ফজল মাদ্রাসায় পবিত্র কোরআন খতম এবং মাদ্রাসার এতিমদের উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উর্ধ্বতন কর্মকর্তাগণ পবিত্র কোরআন খতম এবং মাদ্রাসার এতিমদের উন্নতমানের খাবার পরিবেশন তত্ত্বাবধায়ন করেন।





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে গত ১৭ মার্চ ২০২১ তারিখ ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে টিম ডিএমটিসিএল কর্তৃক শ্রদ্ধাঞ্জলি নিবেদন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষে ২৪ মার্চ ২০২১ তারিখ মোহাম্মদপুরস্থ নূরজাহান রোডে অবস্থিত বায়তুল ফজল মাদ্রাসায় পবিত্র কোরআন খতম এবং মাদ্রাসার এতিমদের উন্নতমানের খাবার পরিবেশন

### স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) স্থিষ্ঠীয় বর্ষপঞ্জী ২০২১ প্রকাশ করে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর উদ্যোগে গত ২৫ মার্চ ২০২১ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন শিরোনামে একটি আলোচনা সভা ডিএমটিসিএল এর ফার্মগেট সাইট অফিসে ও Zoom Cloud-এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন বিষয়ক আলোচনা সভা

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি

২০২০-২০২১ অর্থবছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বৈদেশিক সহায়তাপুঙ্ট ০৫টি প্রকল্প (০৩টি বিনিয়োগ প্রকল্প ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প) বাস্তবায়নাধীন আছে। এই প্রকল্পসমূহের অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মোট বরাদ্দ ৭,৬৩২.১৫ কোটি (জিওবি ৩,৫৫৬.০৬ কোটি ও প্রকল্প সাহায্য ৪,০৭৬.০৯ কোটি) টাকা। এই অর্থবছরের বরাদ্দের বিপরীতে মোট ব্যয় হয়েছে ৬,২৯৯.০৮ কোটি (জিওবি ৩,৫৫১.০৯ কোটি ও প্রকল্প সাহায্য ২,৭৪৭.৯৯ কোটি) টাকা। এই ব্যয় ২০২০-২০২১ অর্থবছরের মোট বরাদ্দের ৮২.৫৩ শতাংশ (জিওবি ৯৯.৮৬ শতাংশ এবং প্রকল্প সাহায্য ৬৭.৪২ শতাংশ)। চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশীদের গমনে নিষেধাজ্ঞা থাকায় এবং বিপরীতক্রমে বাংলাদেশ ভ্রমণের উপর সংশ্লিষ্ট দেশসমূহ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করায় MRT Line-6 ও MRT Line-5: Southern Route এর প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, ডিএমটিসিএল ২০১৭-২০১৮ অর্থবছরে মোট বরাদ্দের ৯৬.৩৬ শতাংশ, ২০১৮-২০১৯ অর্থবছরে মোট বরাদ্দের ১০২.২৮ শতাংশ এবং ২০১৯-২০২০ অর্থবছরের মোট বরাদ্দের ৮১.৭৫ শতাংশ অর্থ ব্যয় করেছিল। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্পভিত্তিক বরাদ্দ ও ব্যয় এবং বাস্তবায়নের শতকরা হার নিম্নরূপ:

(কোটি টাকায়)

প্রকল্পের নাম	মোট বরাদ্দ	মোট ব্যয়	শতাংশ
এমআরটি লাইন-৬	৫৫৪২.৮৩	৪২৮৫.৩১	৭৭.৩১
এমআরটি লাইন-১ [ই/এস]	১৩০.১৫	১২৯.৯২	৯৯.৮২
এমআরটি লাইন-১	৫৯১.০৯	৫৯০.৯৯	৯৯.৯৮
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	১৩০৭.৭৩	১২৬১.৪৩	৯৬.৪৬
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	৬০.৩৫	৩১.৪৩	৫২.০৮
<b>ডিএমটিসিএল মোট</b>	<b>৭৬৩২.১৫</b>	<b>৬২৯৯.০৮</b>	<b>৮২.৫৩</b>

# Dhaka Mass Rapid Transit Development Project (Line-6)

## সার্বিক ও পর্যায়ভিত্তিক অগ্রগতি

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ওয় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাপ্রস্রী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব, দূরনিয়ন্ত্রিত ও অত্যাধুনিক MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি ৬৭.৬৩ শতাংশ। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৮৭.৮০ শতাংশ। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৬৫.৪৮ শতাংশ। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৫৯.৪৮ শতাংশ।

## MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতকরণ

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত অংশীজন সভা, Social Study, Household Survey, Land Acquisition Plan (LAP), Resettlement Action Plan (RAP), Environment Impact Assessment (EIA) এবং Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design ও ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের আওতায় ঢাকা মেট্রোপলিটন এলাকার মতিঝিল থানাধীন উত্তর ব্রাহ্মণচিরণ মৌজায় ১.৬৮৯২ একর এবং মতিঝিল মৌজায় ০.১৮৬৭ একর সর্বমোট ১.৮৭৫৯০ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ০৩.১৫.১৮/২০২১-২২ নম্বর এলএ কেইস রুজু হয়েছে এবং এই এলএ কেইস এর বিপরীতে ৬৪৬,১৩,৭১,৭১৫.০৪ টাকা জেলা প্রশাসক, ঢাকা বরাবর অগ্রিম পরিশোধ করা হয়েছে। সরকারি বিভিন্ন সংস্থা যেমন: জেলা প্রশাসক, ঢাকা; বাংলাদেশ রেলওয়ে; গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর; ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর মালিকানাধীন আরও প্রয়োজনীয় ৪.০৫৮১৫ একর ভূমি হস্তান্তরের মাধ্যমে গ্রহণের উদ্যোগ প্রক্রিয়াধীন রয়েছে।


## MRT Line-6 এর সংশোধিত রুট এ্যালাইনমেন্ট ও স্টেশন সংখ্যা

MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করা হলে এই লাইনের মোট দৈর্ঘ্য (২০.১০+১.১৬=) ২১.২৬ কিলোমিটারে এবং মোট স্টেশন সংখ্যা (১৬+১=) ১৭টিতে উন্নীত হবে। MRT Line-6 এর ১৭টি স্টেশনের নাম নিম্নরূপ:

ক্রম	স্টেশনের নাম	ক্রম	স্টেশনের নাম	ক্রম	স্টেশনের নাম	ক্রম	স্টেশনের নাম
০১	উত্তরা উত্তর	০২	উত্তরা সেন্টার	০৩	উত্তরা দক্ষিণ	০৪	পল্লবী
০৫	মিরপুর-১১	০৬	মিরপুর-১০	০৭	কাজীপাড়া	০৮	শেওড়াপাড়া
০৯	আগারগাঁও	১০	বিজয় সরণি	১১	ফার্মগেট	১২	কারওয়ান বাজার
১৩	শাহবাগ	১৪	ঢাকা বিশ্ববিদ্যালয়	১৫	বাংলাদেশ সচিবালয়	১৬	মতিঝিল
১৭	কমলাপুর		-		-		-

এই লাইনের সংশোধিত রুট এ্যালাইনমেন্ট হবে: উত্তরা ওয় পর্ব - পল্লবী - রোকেয়া সরণির পশ্চিম পার্শ্ব দিয়ে খামারবাড়ী হয়ে ফার্মগেট - হোটেল সোনারগাঁও - শাহবাগ - টিএসসি - দোয়েল চত্বর - তোপখানা রোড - বাংলাদেশ ব্যাংক - জসিম উদ্দিন রোডের প্রথম অংশ হয়ে দক্ষিণ দিক দিয়ে সার্কুলার রোড সংলগ্ন কমলাপুর রেলওয়ে স্টেশন এলাকা।





MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সংশোধিত রুট এলাইনমেন্ট ও স্টেশনের অবস্থান

## MRT Line-6 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৬ এর মিরপুর-১০ স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দান রুট, কারওয়ান বাজার স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-২ ও এমআরটি লাইন-৪ এর সঙ্গে আন্তঃলাইন সংযোগ বা Interchange থাকবে।

## প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে ভাগ করে বাস্তবায়ন করা হচ্ছে। Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) এর মাধ্যমে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর জন্য Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত ১০০ (একশত) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে MRT Line-6 এর DPP-তে নতুন প্যাকেজ সিপি-০৯ অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে প্রথম ৮টি প্যাকেজের নির্মাণ ও সরবরাহ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ক্রমান্বয়ে নিম্নে প্রদান করা হল:

**প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের মোট চুক্তি মূল্য ছিল ৫১১ কোটি ৯০ লক্ষ টাকা। বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ শতভাগ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০ শতাংশ।



৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত উত্তরা ডিপো এলাকার ভূমি উন্নয়ন কাজ

**প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে মোট ৫২টি অবকাঠামো নির্মাণ করতে হবে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ২৪টি অবকাঠামোর নির্মাণ কাজ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। এইগুলো হল: ১. Stabling Shed ২. Heavy Cleaning Shed ৩. Blow Down Plant Area ৪. OCS Car & Track M/C Shed & Workshop ৫. PSI/OCS Stores & Office, P/WAY Stores/Office ৬. PSI/OCS Stores (Open), P/WAY Stores (Open) ৭. P/Way Store (Shed) ৮. Under Floor Wheel Lathe Shed ৯. Workshop ১০. Shunting Vehicle Shed ১১. Capital Spare Store ১২. Heavy Material Park (Open) ১৩. Sewerage Treatment Plant ১৪. Effluent Treatment Plant ১৫. Signaling Room ১৬. DG Set (Building Number 30a) ১৭. LT Panel & ASS (Building Number 30b & 30c) ১৮. DG Set (Building Number 30d) ১৯. LT Panel & ASS (Building Number 30e) ২০. Test Track ২১. Shunting Neck ২২. Coach Unloading Area ২৩. Road Cum Rail Rerailing Vehicle & Rescue Vehicle Shed ২৪. Depot Retaining and Boundary wall. অবশিষ্ট ২৮টি অবকাঠামোর নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। এইগুলো হল: ১. Inspection Shed ২. IOH & POH Shed ৩. Auto Train Wash Plant ৪. Wash Plant Machine Room, Water Recycling Plant, Storage Area ৫. Rolling Stock Maintenance Office Building ৬. Depot Canteen ৭. Medical Center ৮. Central Store, Office of Depot Manager & Line Maintenance Manager ৯. Vehicle Maintenance Building ১০. Air Compressor ১১. Oil & Lubricant Store ১২. Hazardous Material Store ১৩. Scrap Yard ১৪. Used Oil/Grease Sludge Storage ১৫. Incinerator ১৬. Pump House, Filter House, U/G Water Storage, U/G Water Reservoir for Fire ১৭. SUB Station & Switch Gear ১৮. Toilet Block ১৯. OCS Sectioning Panels & Switches ২০. Administrative Office Building & OCC ২১. Training Center ২২. DMTCL Office and Rest Rooms for Essential Staff ২৩. Parking ২৪. High Mast Light ২৫. Security Tower ২৬. Security & Access Control ২৭. Crew Booking & DCC Office & Equipment Maintenance Building ২৮. Security & Access Control. পূর্ত কাজের অগ্রগতি ৯৯.০০ শতাংশ। সকল স্থাপনার চারপাশে একই ধরনের সিরামিক টাইলস দিয়ে স্থাপত্য শৈলীর নির্মাণ কাজের অগ্রগতি



৯৪.০০ শতাংশ। Mechanical, Electrical and Plumbing (MEP) কাজের অগ্রগতি ৮০.০০ শতাংশ। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সার্বিক বাস্তব অগ্রগতি ৯৫.০০ শতাংশ।



বাংলাদেশের প্রথম মেট্রোরেলের উত্তরা ডিপোর নির্মাণ কাজের একাংশ

**প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং, পিয়ার হেড, ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট, ১৪,৭৪৮টি প্যারাপেট ওয়াল ভায়াডাক্টের উপর স্থাপন, ০৫টি Long Span Balanced Cantilever নির্মাণ, সকল স্টেশনের Sub-structure ও Concourse ছাদ নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনের প্ল্যাটফর্ম ও Steel Roof Structure নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট স্টেশনসমূহের প্ল্যাটফর্ম ও Steel Roof Structure নির্মাণ কাজ চলমান আছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী ও মিরপুর-১১ স্টেশনে Mechanical, Electrical and Plumbing (MEP) এর কাজ এবং এন্ট্রি-এক্সিট স্ট্রাকচার নির্মাণ কাজ শুরু হয়েছে। সার্বিক অগ্রগতি ৮২.১৭ শতাংশ।



নির্মাণাধীন উত্তরা দক্ষিণ মেট্রোরেল স্টেশন

**প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এই অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ড্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড পাইল, পিয়ার কলাম, পিয়ার হেড ও পাইল ক্যাপ নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট ও কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশনত্রয়ের নির্মাণ কাজ চলমান আছে। বিজয় সরণি স্টেশনের ডানপাশের ১৩৫ মিটার রিটেইল লেভেল স্লাব কাস্টিং, ফার্মগেট স্টেশনের ১৮০ মিটার সম্পূর্ণ রিটেইল লেভেল স্লাব কাস্টিং এবং কারওয়ান বাজার স্টেশনের ডানপাশের ১৮০ মিটার রিটেইল লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। এতে মোট ৪৯৫ মিটার রিটেইল লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৬টি Portal Beam এর মধ্যে ৪টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর নির্মাণ কাজ অব্যাহত আছে। মোট ১,০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৭৭৪টি সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ৩,২৩৪টি প্যারাপেট ওয়ালের মধ্যে ১,৫০৭টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৯৪টি Span এর মধ্যে ৫৭টি Span এর Segment Erection করা হয়েছে। ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ১.৭৬৫ কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। এরই মাধ্যমে উত্তরা উত্তর থেকে বিজয় সরণি পর্যন্ত নিরবচ্ছিন্ন ভায়াডাক্ট নির্মাণ সম্পন্ন হল। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৭০.০৩ শতাংশ।



ফার্মগেট এলাকায় নির্মাণাধীন ভায়াডাক্ট

**প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪টি স্টেশন নির্মাণ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এই অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ড্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড পাইল, পিয়ার হেড ও পিয়ার কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ২৭০টি পাইল ক্যাপ নির্মাণ সম্পন্ন হয়েছে। ১,৭৬৪টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ১,৬০৭টি সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৪,৯৪৬টি প্যারাপেট ওয়ালের মধ্যে ২,৫০০টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ১৫৪টি স্টেশন কলামের মধ্যে ১২২টি স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ৯টি Portal Beam এর মধ্যে ৭টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল মেট্রোরেল স্টেশনসমূহের নির্মাণ কাজ চলমান আছে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনের ১৩৫ মিটার কনকোর্স লেভেল স্লাব কাস্টিং এবং ডানপাশের ৪৫ মিটার প্ল্যাটফর্ম লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ১৫১টি Span এর মধ্যে ৮০টি Span এর Segment Erection করা হয়েছে। ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ২.৪৩৮ কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বাস্তব অগ্রগতি ৭০.৪৬ শতাংশ।





বাংলা মোটর এলাকায় নির্মিত ভায়াডাক্ট

**প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজের অধীনে উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন নির্মাণ শেষে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন ভবনের নির্মাণ কাজ চলমান। ডিপো এলাকার ওয়ার্কশপ ও স্ট্যাবলিং শেড এর অভ্যন্তরে ব্যালাস্টেড রেল লাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টের ওপর মেইন লাইনের ২,৬৭৮টি রেল জয়েন্ট ওয়েল্ডিং এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও পর্যন্ত ভায়াডাক্টে ২৩.৯৬ ট্রাক কিলোমিটার রেল লাইনের মধ্যে Track Plinth Casting সহ ১৭.৫০ কিলোমিটার রেল ট্রাক অ্যালাইনমেন্টের কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ১৪.৫০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। ডিপোর অভ্যন্তরে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং Overhead Catenary Wire স্থাপনের কাজ চলমান। ওয়ার্কশপ শেড এবং সংলগ্ন রেল ট্রাক এর Overhead Catenary System (OCS)-এর বৈদ্যুতিক টেস্টিং/কমিশনিং কাজ সমাপ্ত হয়েছে। ভায়াডাক্টের ওপর আগারগাঁও স্টেশন পর্যন্ত ট্রাকে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং ১২.৫০ কিলোমিটার ওয়্যারিং সম্পন্ন হয়েছে। সার্বিক বাস্তব অগ্রগতি ৭২.০০ শতাংশ।



নির্মাণাধীন উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনে স্থাপিত রেলওয়ে ট্রাক ও Overhead Catenary System

**প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। এই প্যাকেজের কার্যক্রমের অংশ হিসেবে চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে বিশেষ উদ্যোগে Third Party Inspection এর মাধ্যমে ৬(ছয়)টি যাত্রীবাহী কোচ সম্বলিত প্রথম মেট্রো ট্রেন সেট গত ২৩ এপ্রিল ২০২১ তারিখ ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। এরই ধারাবাহিকতায় দ্বিতীয় মেট্রো ট্রেন সেট গত ০৩ জুন ২০২১ তারিখ ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। ডিপোর অভ্যন্তরে ট্রেন দুটির নির্ধারিত টেস্টিং কাজ চলমান আছে। গত ১১ মে ২০২১ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন সেট ডিপোর অভ্যন্তরে রেলওয়ে ট্রাকের উপর চলাচলের সূচনা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী নেতৃত্বে এই দিন বাংলাদেশে ৪(চার)টি মাইলফলক অর্জিত হয়:

- বাংলাদেশের মাটিতে মেট্রোরেল চলাচলের শুভ সূচনা;
- বাংলাদেশে বৈদ্যুতিক ট্রেনের শুভ সূচনা;
- মেট্রোরেল দূরনিয়ন্ত্রিত পদ্ধতিতে পরিচালিত হয় বিধায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নতুন মাত্রা সংযোজন; এবং
- মেট্রোরেল প্রথম ধাপের স্পিডট্রেন (প্রতি ঘন্টায় সর্বোচ্চ গতি ১১০ কিলোমিটার) বিধায় বাংলাদেশ স্পিড ট্রেন যুগে পা রাখল।

ডিপোর অভ্যন্তরের টেস্টসমূহ শেষে ভায়াডাক্টের উপর মেইন লাইনে আগামী আগস্ট ২০২১ মাসে Performance Test করা যাবে বলে আশা করা যাচ্ছে। তৃতীয় এবং চতুর্থ মেট্রো ট্রেন সেট গত ২২ জুন ২০২১ তারিখ জাপানের কোবে সমুদ্র বন্দর হতে জাহাজ যোগে বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে। উভয় মেট্রো ট্রেন সেট মোংলা বন্দরে এসে পৌঁছানোর সম্ভাব্য সময় ২০ জুলাই ২০২১ তারিখ। মোংলা বন্দরে পৌঁছানোর পর শুল্ক ও ভ্যাট সম্পর্কিত কার্যাদি শেষে ৪টি বার্জ যোগে মেট্রো ট্রেন সেট ২টি আগস্ট ২০২১ মাসের তৃতীয় সপ্তাহে নদী পথে ঢাকার উত্তরাস্থ ডিএমটিসিএল ডিপোতে এসে পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে। ৫ম মেট্রো ট্রেন সেটের জাপান হতে শিপমেন্টের সম্ভাব্য সময় আগস্ট ২০২১ মাস। আরও ৩টি মেট্রো ট্রেন সেট জাপানের কারখানায় নির্মাণ সম্পন্ন হয়েছে। পঞ্চম মেট্রো ট্রেন সেট বাংলাদেশে পৌঁছানোর পর নির্মিত এই ০৩টি মেট্রো ট্রেন সেট বাংলাদেশে নিয়ে আসার উদ্যোগ গ্রহণ করা হবে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৫০.০০ শতাংশ।



ডিপোতে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রো ট্রেন সেট



## নিবিড় পরিবীক্ষণ

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) ২০১২-২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হলেও চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে এবং শারীরিক দূরত্ব বজায় রেখে Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে নির্মাণ কাজ চলমান আছে। এই লক্ষ্যমাত্রা অর্জনে প্রকল্প এলাকার সন্নিহিত প্রকল্প টিমের অবস্থান ও নির্মাণ কাজ যথাযথভাবে পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ের পাশাপাশি উত্তরা, আগারগাঁও, ফার্মগেট ও গাবতলীতে অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছে। মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় প্রকল্পের কাজের বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত বিরতিতে সরেজমিনে প্রত্যক্ষ করে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকেন। COVID-19 মহামারী পরিস্থিতিতে মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় গত ১১ মে ২০২১ তারিখ উত্তরাস্থ ডিপোর অভ্যন্তরে রেলওয়ে ট্র্যাকের উপর বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন ভার্চুয়ালি প্রত্যক্ষ করেন। মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এমপি, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এই উপলক্ষ্যে প্রদত্ত ভাষণে MRT Line-6 এর early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে COVID-19 মহামারী পরিস্থিতিতেও নিরলসভাবে দিনে-রাতে স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে কাজ করতে টিম ডিএমটিসিএলকে অনুরোধ করেন।



মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন ভার্চুয়ালি প্রত্যক্ষ করেন

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এই কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সম্যক অবহিত হওয়ার জন্য গত ১৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখ মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান এমপি, পরিকল্পনা মন্ত্রণালয় MRT Line-6 এর উত্তরা ডিপো, Metro Rail Exhibition & Information Center (MREIC), নির্মাণাধীন উত্তরা দক্ষিণ মেট্রোরেল স্টেশন ও আগারগাঁও সাইট অফিস পরিদর্শন করেন। মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়কে MRT Line-6 এর দিয়াবাড়িস্থ সিপি-০২ এর সাইট অফিসের সম্মেলন কক্ষে ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণ কাজের সর্বশেষ অগ্রগতি Power Point Presentation এর মাধ্যমে অবহিত করা হয়। মাননীয় পরিকল্পনা মন্ত্রী সভা ও পরিদর্শন শেষে উপস্থিত সাংবাদিকদের সংক্ষেপে মত বিনিময় করেন।



মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক MRT Line-6 এর নির্মাণ কাজের বিভিন্ন স্থান পরিদর্শন

জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং চেয়ারম্যান, পরিচালনা পরিষদ, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) নিয়মিতভাবে এমআরটি লাইনসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করেন। এরই ধারাবাহিকতায় গত ১১ মে ২০২১ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন এবং এই উপলক্ষ্যে উত্তরা ডিপোতে আয়োজিত আলোচনা সভায় অংশ গ্রহণ করেন। আলোচনা সভা শেষে উত্তরা ডিপোর অভ্যন্তরে কোচ আনলোডিং এরিয়া সন্নিবর্তিত রেলওয়ে ট্রাকে দন্ডায়মান বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের ডাইভিং ক্যাব প্রত্যক্ষ করেন।



সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের ডাইভিং ক্যাব প্রত্যক্ষ করেন



গত ১১ মে ২০২১ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন এবং এই উপলক্ষ্যে উত্তরা ডিপোতে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশে জাপানের মান্যবর রাষ্ট্রদূত জনাব ইতো নাওকি (HE Mr. ITO Naoki) অংশ গ্রহণ করেন। আলোচনা সভা শেষে উত্তরাস্থ ডিপোর অভ্যন্তরে কোচ আনলোডিং এরিয়া সন্নিকটস্থ রেলওয়ে ট্রাকে দন্ডায়মান বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের অভ্যন্তর প্রত্যক্ষ করেন।



বাংলাদেশে জাপানের মান্যবর রাষ্ট্রদূত জনাব ইতো নাওকি বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের অভ্যন্তর প্রত্যক্ষ করেন

গত ১১ মে ২০২১ তারিখ বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন এবং এই উপলক্ষ্যে উত্তরা ডিপোতে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে জনাব ইহুও হায়েকাওয়া (Mr. Yuho Hayakawa), Chief Representative, JICA Bangladesh Office অংশ গ্রহণ করেন। আলোচনা সভা শেষে উত্তরাস্থ ডিপোর অভ্যন্তরে কোচ আনলোডিং এরিয়া সন্নিকটস্থ রেলওয়ে ট্রাকে দন্ডায়মান বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের অভ্যন্তর প্রত্যক্ষ করেন।



জনাব ইহুও হায়েকাওয়া, Chief Representative, JICA Bangladesh Office বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের অভ্যন্তর প্রত্যক্ষ করার জন্য মেট্রো ট্রেনে আরোহণের পূর্বে সম্মানিত উপস্থিতিকে অভিবাদন জানান



গত ২৬ জানুয়ারি ২০২১ তারিখ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য ও সরকারের সচিব জনাব মোঃ মামুন-আল-রশীদ এর নেতৃত্বে একটি পরিদর্শন টিম MRT Line-6 এর বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন।



সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ কর্তৃক এমআরটি লাইন-৬ এর বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শন

জনাব এম, এ, এন, ছিদ্দিক, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) নিয়মিতভাবে এমআরটি লাইন-৬ এর প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন ও আন্তঃপ্যাকেজ Interface অগ্রগতি পর্যালোচনা সভা করেন। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তৎভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রত্যেক পর্যালোচনা সভা শেষে আকস্মিকভাবে এবং নিয়মিত বিরতিতে রাতে ও দিনে বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ পরিদর্শন করে থাকেন। এরই ধারাবাহিকতায় গত ০১ এপ্রিল ২০২১ তারিখ ব্যবস্থাপনা পরিচালক মধ্যরাতে এমআরটি লাইন-৬ এর ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশনের Concourse ছাদ ঢালাই এর কাজ পরিদর্শন করেন।



ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মধ্যরাতে ঢাকা বিশ্ববিদ্যালয় মেট্রোরেল স্টেশনের Concourse ছাদ ঢালাই এর কাজ পরিদর্শন



জনাব মোঃ আফতাবউদ্দিন তালুকদার, প্রকল্প পরিচালক, MRT Line-6 পৃথকভাবে সপ্তাহে একবার প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে সরেজমিনে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেন। উপরন্তু যখন প্রয়োজন তখন ভিত্তিতেও পর্যালোচনা সভা করে থাকেন। এতে বাস্তবায়নে উদ্ভূত ছোট ছোট চ্যালেঞ্জের তাৎক্ষণিক সমাধান দেয়া সম্ভবপর হয়।



প্রকল্প পরিচালক, MRT Line-6 কর্তৃক উত্তরাঞ্চ ডিপোর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন

### এমআরটি লাইন-৬ এর ডিপিপি-তে নতুন প্যাকেজ অন্তর্ভুক্তি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর মাধ্যমে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর জন্য Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত ১০০ (একশত) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে MRT Line-6 এর DPP-তে নতুন প্যাকেজ সিপি-০৯ অন্তর্ভুক্ত করা হয়েছে। এরই ধারাবাহিকতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান NKDM Association এর আওতায় Enterprise Resource Management System (ERMS) পরামর্শক নিয়োগের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। নতুন প্যাকেজ CP-09 এর কাজ সহসাই শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

### Metro Rail Exhibition & Information Center (MREIC)

অত্যাধুনিক গণপরিবহন হিসেবে বাংলাদেশে প্রথমবারের মত MRT বা মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। মেট্রোরেল সম্পর্কে জনসাধারণকে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে MRT Line-6 এর উত্তরা ডিপো এলাকায় Metro Rail Exhibition & Information Center (MREIC) নির্মাণ করা হচ্ছে। মেট্রো ট্রেনের Mock Up উত্তরা ডিপোস্থ MREIC-তে স্থাপন করা হয়েছে। মূল মেট্রো ট্রেন সেটের সঙ্গে সামঞ্জস্য রেখে জনসাধারণকে মেট্রো ট্রেনের যাতায়াত সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদানের নিমিত্ত স্বয়ংক্রিয়ভাবে চলাচলে সক্ষম ০২ সেট Mini মেট্রো ট্রেন সংগ্রহ করে MREIC-তে স্থাপন করা হয়েছে। মেট্রো স্টেশনের সঙ্গে মিল রেখে Ticket Office Machine (TOM) এবং Ticket Vending Machine (TVM) উত্তরাঞ্চ MREIC-তে স্থাপন করা হয়েছে। মেট্রো স্টেশনের সঙ্গে সামঞ্জস্য রেখে Smart Card Based স্বয়ংক্রিয় প্রবেশ এবং বহিঃগমন গেইটও স্থাপন করা হয়েছে। MREIC-এর প্রদর্শনী হলে প্রদর্শনের জন্য মেট্রোরেলের অভ্যন্তরে ও মেট্রোরেল স্টেশনে যাত্রীগণের করণীয় এবং বর্জনীয় বিষয়সমূহের সচিত্র উপস্থাপনা সম্বলিত ডিসপ্লে বোর্ড স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। MREIC-এর ভিডিও প্রদর্শনী হলে প্রদর্শনের জন্য ভিডিও এবং এ্যানিমেটেড কার্টুন নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। প্রতিবেদনাধীন সময় পর্যন্ত সার্বিক অগ্রগতি ৯৮ শতাংশ।



Metro Rail Exhibition & Information Center

## Safety Managment System of MRT Line-6

MRT Line-6 এর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত গত ০৪ আগস্ট ২০২০ তারিখ বাংলাদেশ সরকার এবং Japan International Cooperation Agency (JICA) এর মধ্যে Record of Discussions for the Project on Technical Assistance for Mass Rapid Transit Safety Management System of MRT Line-6 চুক্তি স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় জুন ২০২১ মাসে ৩টি ব্যাচে ৫৫ জন কর্মকর্তাকে Mass Rapid Transit Safety Management System এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণ অব্যাহত থাকবে।



Signing Ceremony of Record of Discussions for Safety Management System of MRT Line-6



## Panel of Experts

বাংলাদেশের প্রথম মেট্রোরেল নির্মাণে উদ্ভূত বড় চ্যালেঞ্জসমূহ উত্তরণে প্রয়োজনীয় কারিগরি নির্দেশনা প্রদানের জন্য Panel of Experts (PoEs) এর নিকট প্রেরণ করা হয়ে থাকে। MRT Line-6 এর Panel of Experts (PoEs) এর প্রথম চেয়ারম্যান National Professor Dr. Engr. Jamilur Reza Choudhury ঐর ইন্তেকালের পর গত ১৮ অক্টোবর ২০২০ তারিখ Dr. M. Shamim Z. Basunia, PEng Professor Emeritus, Department of Civil Engineering, University of Asia Pacific-কে PoEs এর চেয়ারম্যানের দায়িত্ব প্রদান করা হয়। PoEs-এ আরও একজন দেশী ও একজন বিদেশী সদস্য রয়েছেন। প্রয়োজন অনুযায়ী Panel of Experts সরেজমিনে পরিদর্শন ও যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করে পরামর্শ প্রদান করে থাকেন।



MRT Line-6 এর PoEs-এর নবনিযুক্ত চেয়ারম্যান Dr. M. Shamim Z. Basunia-ঐর সঙ্গে চুক্তি স্বাক্ষর

## অডিট আপত্তি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর কার্যক্রম পর্যালোচনা করে গত ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত মোট ৩০টি অডিট আপত্তি Foreign Aided Project Audit Directorate (FAPAD) কর্তৃক উত্থাপন করা হয়। তন্মধ্যে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ১৯টি অডিট আপত্তি সম্পূর্ণ এবং একটি অডিট আপত্তি আংশিক নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ১০টি পূর্ণ অডিট আপত্তি (পার্ট A ভুক্ত ০৮টি এবং পার্ট B ভুক্ত ০২টি) ও ০১টি আংশিক অডিট আপত্তি (পার্ট A ভুক্ত) FAPAD-এ নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে ([পরিশিষ্ট-ঘ](#))।

## Project Implementation Committee (PIC) সভা

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) বাস্তবায়নে উদ্ভূত চ্যালেঞ্জসমূহ নিরসনের জন্য সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি ২০১৬ অনুযায়ী Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত মোট ৬(ছয়)টি Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ২১ সেপ্টেম্বর ২০২০ তারিখ সর্বশেষ ও ৬ষ্ঠ PIC সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম PIC সভা যথাক্রমে গত ১৯ নভেম্বর ২০১৪ তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখ, ২৯ মার্চ ২০১৮ তারিখ, ২৬ জুন ২০১৯ তারিখ এবং ০৫ জানুয়ারি ২০২০ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

## ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৭৭.৩১ %। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৮৭.৬৯%। চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশীদের গমনে নিষেধাজ্ঞা থাকায় এবং বিপরীতক্রমে বাংলাদেশ ভ্রমণের উপর সংশ্লিষ্ট দেশসমূহ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করায় MRT Line-6 এর প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা সম্ভব হয়নি। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	এডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি (%)
ডিপিএ	৩৭৮০.০০	২৫২৫.৮৮	৬৬.৮১%
জিওবি	১৭৬২.৮৩	১৭৫৯.৮২	৯৯.৮৩%
মোট	৫৫৪২.৮৩	৪২৮৫.৭০	৭৭.৩১%

## MRT Line-6 এর ভূমি অধিগ্রহণ

উত্তরা উত্তর, পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া এবং শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এক্সেলেটর ও সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে উঠা-নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে ভূমি অধিগ্রহণ

### ক) উত্তরা উত্তর মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর উত্তরা উত্তর স্টেশন সংলগ্ন দিয়াবাড়ি মৌজার ০.৩৫৪ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি জনস্বার্থে অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেস নম্বর-০৩.১৫.০৯/২০১৯-২০২০ রুজু করা হয়েছে। ইতোমধ্যে এই এলএ কেস এর বিপরীতে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক ১৭,৮৮,২৭,৫৯৪.৯২ টাকা ক্ষতিপূরণ নির্ধারণ করা হয়েছে। দুই দফাই সমুদয় অর্থ জেলা প্রশাসক, ঢাকার অনুকূলের পরিশোধ করা হয়েছে। বর্তমানে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক ০৮(আট) ধারার নোটিশ জারির কার্যক্রম চলমান রয়েছে।

### খ) পল্লবী মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর পল্লবী মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য চাকুলী মৌজার ০.০০৪০৩ একর ও উত্তর সেনপাড়া পর্বতা মৌজার ০.০৩৩৬৯ একর মোট ০.০৩৭৭২ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি জনস্বার্থে অধিগ্রহণের লক্ষ্যে গত ২৪ মার্চ ২০২১ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। গত ২৫ মার্চ ২০২১ তারিখ অনাপত্তি পত্র প্রদানের জন্য রাজউক ও নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

### গ) মিরপুর-১১ মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর মিরপুর-১১ মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য উত্তর সেনপাড়া পর্বতা মৌজার ০.০৪১২৭ একর ব্যক্তি মালিকানাধীন ভূমি জনস্বার্থে অধিগ্রহণের লক্ষ্যে গত ২৪ মার্চ ২০২১ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। গত ২৫ মার্চ ২০২১ তারিখ অনাপত্তি প্রদানের জন্য রাজউক ও নগর উন্নয়ন অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

### ঘ) মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.০২৫৯৭ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত গত ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। গত ২৩ মার্চ ২০২১ তারিখ রাজউক হতে এবং গত ০৩ জুন ২০২১ তারিখ নগর উন্নয়ন অধিদপ্তর হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। গত ৩০ জুন ২০২১ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদনের জন্য সুপারিশসহ প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।



### ঙ) কাজীপাড়া মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর কাজীপাড়া মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.১৬০৫৩ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে গত ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। গত ২৩ মার্চ ২০২১ তারিখ রাজউক হতে এবং গত ০৩ জুন ২০২১ তারিখ নগর উন্নয়ন অধিদপ্তর হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। গত ৩০ জুন ২০২১ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদনের জন্য সুপারিশসহ প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

### চ) শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনের ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-6 এর শেওড়াপাড়া মেট্রোরেল স্টেশনে পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য ঢাকা মেট্রোপলিটন এলাকার মিরপুর থানাধীন সেনপাড়া পর্বতা মৌজার ০.১৮৫৪৯ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত গত ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখ প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। গত ২৩ মার্চ ২০২১ তারিখ রাজউক হতে এবং গত ০৩ জুন ২০২১ তারিখ নগর উন্নয়ন অধিদপ্তর হতে অনাপত্তি পাওয়া গিয়েছে। গত ৩০ জুন ২০২১ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির অনুমোদনের জন্য সুপারিশসহ প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## হস্তান্তরের মাধ্যমে MRT Line-6 নির্মাণে ভূমি ব্যবহারের সম্মতি

মিরপুর-১০ ও আগারগাঁও মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এক্সেলেটর ও সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে উঠা-নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে ভূমি ব্যবহারের সম্মতি

ক) MRT Line-6 এর মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এক্সেলেটর ও সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে উঠা-নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা-এর সম্মুখস্থ ফুটপাথ সংলগ্ন ২৪৩ বর্গমিটার ভূমি ব্যবহারের জন্য গত ০৯ জুন ২০২১ তারিখ বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর সম্মতি প্রদান করেছে। Entry/Exit নির্মাণের জন্য উক্ত ভূমি ইতোমধ্যে মাঠ পর্যায়ে চিহ্নিত করা হয়েছে। সহসাই নির্মাণ কাজ শুরু হবে।

খ) MRT Line-6 এর মিরপুর-১০ মেট্রোরেল স্টেশনে যাত্রীদের লিফট, এক্সেলেটর ও সিঁড়িতে নিরাপদে ও স্বাচ্ছন্দ্যে উঠা-নামা এবং পথচারীদের নির্বিঘ্নে যাতায়াতের সুবিধার্থে মেট্রো স্টেশনের পূর্ব পার্শ্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর জোন অফিস এলাকার মধ্যে ১২০ বর্গমিটার ভূমি ব্যবহারের সম্মতি জনস্বার্থে প্রদানের নিমিত্ত সুপারিশসহ স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রস্তাব অগ্রায়ণের জন্য গত ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে অনুরোধ করা হয়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ গত ২১ জানুয়ারি ২০২১ তারিখ মতামত প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করে। এরই ধারাবাহিকতায় ভূমির Detailed Dimensions সংশ্লিষ্ট City Corporation-এ প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। গত ২৮ এপ্রিল ২০২১ তারিখ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ভূমির Detailed Dimensions প্রেরণ করা হয়েছে। বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন আছে।

গ) MRT Line-6 এর আগারগাঁও মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য আগারগাঁওস্থ আইডিবি ভবন ও শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় এর সম্মুখস্থ গণপূর্ত অধিদপ্তরের ১০৯৪ বর্গমিটার ভূমি জনস্বার্থে ব্যবহারের সম্মতি প্রদানের নিমিত্ত সুপারিশসহ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রস্তাব অগ্রায়ণের জন্য গত ২৮ ডিসেম্বর ২০২০ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অনুরোধ করা হয়। এরই ধারাবাহিকতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ১৩ জানুয়ারি ২০২১ তারিখ গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধপত্র প্রেরণ করে। বিষয়টি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

ঘ) MRT Line-6 এর আগারগাঁও মেট্রোরেল স্টেশন এলাকায় পথচারীদের যাতায়াতের সুবিধার্থে ফুটপাথ নির্মাণের জন্য আগারগাঁও মেট্রোরেল স্টেশনের পূর্ব পার্শ্বে বাংলাদেশ বিমান বাহিনী মিউজিয়ামের ২টি লোকেশনে ৫৯৬ বর্গমিটার ভূমি ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ বিমান বাহিনীর ভূমির প্রয়োজনীয়তা থাকায় গত ২৫ আগস্ট ২০২০ তারিখ বাংলাদেশ বিমান বাহিনীকে ভূমি ব্যবহারের অনুমতি চেয়ে পত্র দেয়া হয়। প্রস্তাবিত স্থানটি ১ কোটি ৪৬ লক্ষ ৩০ হাজার ৬৭৩ টাকা ক্ষতিপূরণ প্রদান সাপেক্ষে বাংলাদেশ বিমান বাহিনী ব্যবহারের অনুমতি প্রদান করে। এই প্রেক্ষাপটে যথাযথ পদ্ধতিতে ৬% আয়কর কর্তন করে পরামর্শক প্রতিষ্ঠান NKDM Association এর সুপারিশ অনুযায়ী গত ০৯ জুন ২০২১ তারিখ বাংলাদেশ বিমান বাহিনীকে ১ কোটি ৩৭ লক্ষ ৫২ হাজার ৮৩২ টাকা পরিশোধ করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান এই এলাকায় সহসাই Entry-Exit নির্মাণ কাজ শুরু করবে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের ভাড়া নির্ধারণ

মেট্রোরেল আইন ২০১৫ এর ষষ্ঠ অধ্যায়ের ধারা-১৭, ১৮ ও ১৯ এবং মেট্রোরেল বিধিমালা ২০১৬ এর ৪র্থ অধ্যায়ের বিধি-২১ ও ২২ তে মেট্রোরেলের ভাড়া নির্ধারণের বিষয়ে নির্দেশনা রয়েছে। এরই ধারাবাহিকতায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ গত ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখ MRT Line-6 এর ভাড়া নির্ধারণ কমিটি গঠন করেছে। কমিটিতে ডিএমটিসিএল এর প্রতিনিধি রয়েছে। গঠিত কমিটির সভা গত ১০ জানুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পাওয়ার পর গত ১৯ জানুয়ারি ২০২১ তারিখ মতামতের জন্য পরামর্শক প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান খসড়া একাধিক Model প্রস্তুত করেছে। এগুলো যাচাই বাছাই করে দেখা হচ্ছে।


## Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) [E/S]

২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে ডিসেম্বর ২০১৮ মাসে Feasibility Study সম্পন্ন করা হয়। গত ২৯ জুন ২০১৭ তারিখ Japan International Cooperation Agency (JICA) এবং বাংলাদেশ সরকারের মধ্যে Consultancy Service for Detailed Design and Tender Assistance এর জন্য ৫ হাজার ৫৯৩ মিলিয়ন ইয়েন-এর ঋণচুক্তি (BD-P 95) স্বাক্ষর করা হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রায় ৬০৭ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ থেকে জুন ২০২২ মেয়াদে MRT Line-1 এর উভয় রুটের Consultancy Service for Detailed Design and Tender Assistance এর নিমিত্ত গত ০৭ আগস্ট ২০১৮ তারিখ টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] অনুমোদিত হয়। Consulting Service for Detailed Design and Tender Assistance কার্য সম্পাদনের জন্য গত ১০ অক্টোবর ২০১৮ তারিখে NKDOS Consortium এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ০৯ ডিসেম্বর ২০১৮ তারিখ হতে পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। MRT Line-1 নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং MRT Line-1 এর রুট এলাইনমেন্টে Station Plaza ও Transit Oriented Development (TOD) নির্মাণ ও পরিচালনার নিমিত্ত সরকার গত ২৬ নভেম্বর ২০২০ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০২/২০২০ ইস্যু করেছে।

### অগ্রগতি:

- Review of Feasibility Study সম্পন্ন;
- Environmental Impact Assessment (EIA) সম্পন্ন;
- Resettlement Action Plan (RAP) চূড়ান্ত;
- Traffic Demand Forecast & Road Traffic Survey সম্পন্ন;
- Hydrological Survey সম্পন্ন;
- Topographic Survey সম্পন্ন;
- ডিপোর Land Acquisition Plan (LAP) প্রস্তুত সম্পন্ন;
- Basic Design সম্পন্ন;
- Detailed Design এর অগ্রগতি ৭৫ শতাংশ; এবং
- নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুত প্রক্রিয়াধীন;





MRT Line-1 এর উভয় রুটের এয়ালাইনমেন্ট ও স্টেশন

## MRT Line-1 [E/S] এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস] এর ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৯.৮২%। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৭৪.৩৭%। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকা

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	৯০.০০	৮৯.৯৪	৯৯.৯৩
জিওবি	৪০.১৫	৩৯.৯৮	৯৯.৫৮
মোট	১৩০.১৫	১২৯.৯২	৯৯.৮২

## Dhaka Mass Rapid Transit Development Project (Line-1)

২০২৬ সালের মধ্যে নির্মাণের জন্য নির্ধারিত ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: বিমানবন্দর পাতাল রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং পূর্বাচল উড়াল রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। বিমানবন্দর রুটের এয়ালাইনমেন্ট হল: বিমানবন্দর-বিমানবন্দর টার্মিনাল ৩ - খিলক্ষেত - নন্দা - নতুন বাজার - উত্তর বাজা - বাজা - হাতিরঝিল পূর্ব - রামপুরা - মালিবাগ - রাজারবাগ - কমলাপুর। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও নন্দা স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং বিপরীতক্রমে যাওয়া যাবে। পূর্বাচল রুটের এয়ালাইনমেন্ট হল: নতুন বাজার - নন্দা - জোয়ার সাহারা - বোয়ালিয়া - মন্তুল - শেখ হাসিনা ক্রিকেট স্টেডিয়াম - পূর্বাচল সেন্টার - পূর্বাচল পূর্ব - পূর্বাচল টার্মিনাল - পিতলগঞ্জ ডিপো। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) সেপ্টেম্বর ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৬ মেয়াদে প্রায় ৫২ হাজার ৫৬২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়েছে। Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) মোট ১২টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ২০২৬ সালের ডিসেম্বর মাসে MRT Line-1 চালু হলে এর উভয় রুটে দৈনিক ৮ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন।

## MRT Line-1 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৫: নর্দান রুট এর নতুন বাজার স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। একইভাবে এমআরটি লাইন-১ এর হাতিরঝিল পূর্ব স্টেশনের সঙ্গে এমআরটি লাইন-৫: সাউদার্ন এর আফতাব নগর পশ্চিম স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। উপরন্তু কমলাপুর স্টেশনে এমআরটি লাইন-১, এমআরটি লাইন-৬, এমআরটি লাইন-২ এবং এমআরটি লাইন-৪ এর মধ্যে আন্তঃলাইন সংযোগ বা Interchange থাকবে।

## MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ

এমআরটি লাইন-১ এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালি মৌজার মোট ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এলএ কেইস নম্বর-১০/২০১৯-২০২০ রুজু করা হয়েছে। যৌথ তদন্ত কার্যক্রম সমাপ্ত হয়েছে। বর্তমানে ৭ খারার নোটিশ জারির কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

### অগ্রগতি

- নির্মাণ কাজ তত্ত্বাবধায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে গত ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখ EOI আহবান করা হয়েছে;
- ডিপোর ভূমি উন্নয়নের জন্য গত ১০ জুন ২০২১ তারিখ দরপত্র আহবান করা হয়েছে; এবং
- বিমানবন্দর রুটের পাতাল স্টেশনসমূহ নির্মাণের নিমিত্ত পরিসেবা চিহ্নিতকরণের কাজ চলছে।



রাজারবাগ এলাকায় মাটির নিচের পরিসেবা চিহ্নিতকরণ কার্যক্রম

## Commercial Space সংরক্ষণ

পূর্বাচল রুটের উড়াল মেট্রোরেল স্টেশনগুলোর Concourse Level সম্পূর্ণ সড়ক ব্যাপী নির্মাণ করা হলে প্রত্যেকটি স্টেশনের Concourse ব্যবহার করে বাণিজ্যিক Space সৃষ্টি করা যেতে পারে। বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে দেখা হচ্ছে। এতে Non-fare Revenue প্রাপ্তির সুযোগ সৃষ্টি হবে।



## এমআরটি লাইন-১ এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি


ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৯.৯৮%। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৪১.০০%। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	০.০৯	০.০০	০.০০
জিওবি	৫৯১.০০	৫৯০.৯৯	৯৯.৯৮
মোট	৫৯১.০৯	৫৯০.৯৯	৯৯.৯৮

## Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত অক্টোবর ২০১৮ মাসে Feasibility Study সম্পন্ন করা হয়েছে। গত ১৪ জুন ২০১৮ তারিখ প্রকল্পের Engineering Service এর জন্য উন্নয়ন সহযোগী সংস্থা JICA এর সঙ্গে ৭ হাজার ৩ শত ৫৮ মিলিয়ন ইয়েনের ঋণ চুক্তি (BD-P101) স্বাক্ষরিত হয়েছে। এরই ধারাবাহিকতায় ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর DPP জুলাই ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৮ মেয়াদে প্রায় ৪১ হাজার ২৩৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। MRT Line-5: Northern Route-এর Consultancy Services for Detailed Design, Tender Assistance and Construction Supervision কাজের জন্য গত ১০ জুন ২০২০ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান Metro Five Consultants Association (MFCA)-এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ১২ আগস্ট ২০২০ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। এটিই হবে ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor. MRT Line-5: Northern Route-এর রুট এলাইনমেন্ট হল: হেমায়েতপুর - বালিয়ারপুর - বিলামালিয়া - আমিনবাজার - গাবতলী - দারুস সালাম - মিরপুর ১ - মিরপুর ১০ - মিরপুর ১৪ - কচুক্কেত - বনানী - গুলশান ২ - নতুন বাজার - ভাটারা। MRT Line-5: Northern Route বা ঢাকা মহানগরীর প্রথম পূর্ব-পশ্চিম মেট্রোরোলে ২০২৮ সালে প্রতিদিন ১২ লক্ষ ৩০ হাজার যাত্রী যাতায়াত করতে পারবেন।



MRT Line-5: Northern Route এর এলাইনমেন্ট ও স্টেশন

## অগ্রগতি

- Review of Feasibility Study সম্পন্ন;
- Environmental Impact Assessment (EIA) সম্পন্ন;
- Resettlement Action Plan (RAP) চূড়ান্ত;
- Traffic Demand Forecast & Road Traffic Survey সম্পন্ন;
- Hydrological Survey সম্পন্ন;
- Utility Data Collection Survey সম্পন্ন;
- Basic Design সম্পন্ন;
- Topographic Survey চলছে;
- Geotechnical Survey চলছে;
- Inundation Survey চলছে;
- Environmental Based Line Survey চলছে;
- Utility Verification Survey চলছে;
- Historical Importance and Archaeological Survey চলছে; এবং
- Detailed Design চলমান।



ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় ১ম পর্যায়ের ভূমি অধিগ্রহণের নিমিত্ত যৌথ তদন্ত কার্যক্রম

## MRT Line-5: Northern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের গাবতলী স্টেশনে এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর সঙ্গে Interchange থাকবে। এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের মিরপুর ১০ স্টেশনে এমআরটি লাইন-৬ এর সঙ্গে Interchange থাকবে এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুটের নতুন বাজার স্টেশনে এমআরটি লাইন-১ এর সঙ্গে Interchange থাকবে।

## MRT Line-5: Northern Route এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম

MRT Line-5: Northern Route এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় ১ম পর্যায়ে ৪০.১৮২২ হেক্টর ভূমি অধিগ্রহণের প্রস্তাব গত ০৯ জুন ২০২১ তারিখ কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। এরই ধারাবাহিকতায় এলএ কেইস নম্বর-০৩.১৫.১৭/২০২০-২০২১ রুজু করা হয়েছে। বর্তমানে যৌথ তদন্ত কার্যক্রম চলছে।




### এমআরটি লাইন-৫: নর্দান রুট এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দান রুট এর ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৯৬.৪৬%। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৫১.৩০%। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়			
খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	১৫৬.০০	১১১.৩৭	৭১.৩৯
জিওবি	১১৫১.৭৩	১১৫০.০৬	৯৯.৮৬
মোট	১৩০৭.৭৩	১২৬১.৪৩	৯৬.৪৬

### Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route


২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত অক্টোবর ২০১৮ মাসে Pre-Feasibility Study সম্পন্ন হয়। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে প্রায় ৪০৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ০৬ ডিসেম্বর ২০১৯ তারিখ Technical Assistance for Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Southern Route [PRF] অনুমোদিত হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর সঙ্গে গত ১১ ডিসেম্বর ২০১৯ তারিখ ৩৩.২৬ মিলিয়ন ডলারের ঋণ চুক্তি [6023-BAN (COL)] স্বাক্ষরিত হয়েছে। Consulting Service for Feasibility Study, Engineering Design and Procurement Support সম্পাদনের জন্য গত ২৯ মার্চ ২০২১ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান ESO Consortium এর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ০৭ এপ্রিল ২০২১ তারিখ থেকে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। এটি হবে ঢাকা মহানগরীর দ্বিতীয় পূর্ব-পশ্চিম MRT Corridor. এই লাইনের রুট এ্যালাইনমেন্ট হল: গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - কারওয়ান বাজার - হাতিরঝিল পশ্চিম - তেজগাঁও - নিকেতন - আফতাব নগর পশ্চিম - আফতাব নগর সেন্টার - আফতাব নগর পূর্ব - দাশেরকান্দি - বালুরপাড়। MRT Line-5: Southern Route বা ঢাকা মহানগরীর দ্বিতীয় পূর্ব-পশ্চিম মেট্রোরোলে ২০৩০ সালে প্রতিদিন ৯ লক্ষ ২৪ হাজার ৫০০ জন যাত্রী যাতায়াত করতে পারবেন।



MRT Line-5: Southern Route এর এ্যালাইনমেন্ট ও স্টেশন

## অগ্রগতি:

- বিভিন্ন ধরনের সার্ভে চলছে;
- Basic Design চলছে;
- Feasibility Study চলছে; এবং
- দাশেরকান্দি এলাকায় ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য প্রাথমিকভাবে ভূমি চিহ্নিত করা হয়েছে।



এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ভারুয়ালি প্রত্যক্ষ করছেন মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

## MRT Line-5: Southern Route এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর সঙ্গে এমআরটি লাইন-৬ এর কারওয়ান বাজার স্টেশনে Interchange থাকবে। এমআরটি লাইন-৫: সাউদার্ন এর আফতাব নগর পশ্চিম স্টেশনের সঙ্গে এমআরটি লাইন-১ এর হাতিরঝিল পূর্ব স্টেশনে আন্তঃলাইন সংযোগ থাকবে। এমআরটি লাইন-৫: সাউদার্ন রুটের গাবতলী স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর সঙ্গে Interchange থাকবে।

## এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): সাউদার্ন রুট এর ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৫২.০৮%। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ৭৬.০০%। চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশীদের গমনে নিষেধাজ্ঞা থাকায় এবং বিপরীতক্রমে বাংলাদেশ ভ্রমণের উপর সংশ্লিষ্ট দেশসমূহ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করায় MRT Line-5: Southern Route এর প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা সম্ভব হয়নি। ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের বিপরীতে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

কোটি টাকায়

খাত	আরএডিপি বরাদ্দ	ব্যয়	অগ্রগতি %
ডিপিএ	৫০.০০	২১.১৯	৪২.৩৮
জিওবি	১০.৩৫	১০.২৪	৯৮.৯৪
মোট	৬০.৩৫	৩১.৪৩	৫২.০৮



## MRT Line-2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৪টি প্ল্যাটফর্ম সভা অনুষ্ঠিত হয়েছে। সর্বশেষ প্ল্যাটফর্ম সভা ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ ভারুয়ালি অনুষ্ঠিত হয়। MRT Line-2 এর PPP Research সম্পন্ন হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রিলিমিনারি স্টাডি করা হচ্ছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৬০.০০ শতাংশ। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) একর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভুক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে। প্রিলিমিনারি স্টাডিতে গোলাপ শাহ মাজার থেকে সদরঘাট পর্যন্ত প্রায় ২.৬০ কিলোমিটার দীর্ঘ ব্রাঞ্চ লাইন নির্মাণের সুপারিশ রয়েছে।



গত ২৬ মে ২০২১ তারিখ টিম ডিএমটিসিএল এমআরটি লাইন-২ এর প্রস্তাবিত ডিপো এলাকা পরিদর্শন করেন


**MRT Line-2 এর মেইন লাইনের সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট হল:** গাবতলী - বেড়িবাঁধ সড়ক - বসিলা - মোহাম্মদপুর বিআরটিসি বাস স্টপ - সাত মসজিদ রোড - ঝিগাতলা - ধানমন্ডি ২ নম্বর রোড - সাইন্স ল্যাবরেটরি - নিউ মার্কেট - নীলক্ষেত - আজিমপুর - পলাশী - শহীদ মিনার - ঢাকা মেডিকেল কলেজ - পুলিশ হেড কোয়ার্টার- গোলাপ শাহ মাজার - বঙ্গভবন সংলগ্ন পূর্ব দিকের সড়ক - মতিঝিল - আরামবাগ - কমলাপুর - মুগদা - মান্ডা - ডেমরা - চিটাগাং রোড।

**MRT Line-2 এর ব্রাঞ্চ লাইনের সম্ভাব্য রুট এ্যালাইনমেন্ট হল:** গোলাপ শাহ মাজার - নয়া বাজার - সদরঘাট।

## MRT Line-2 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-২ এর গাবতলী মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-৫: নর্দান রুট ও এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট এবং এমআরটি লাইন-২ এর কমলাপুর মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-৬, এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-৪ এর আন্তঃলাইন সংযোগ থাকবে।






MRT Line-2 এর সম্ভাব্য রুট এলাইনমেন্ট

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।



MRT Line-4 এর রুট এলাইনমেন্ট ও স্টেশন

## MRT Line-4 এর সঙ্গে অন্যান্য MRT Lines-এর আন্তঃলাইন সংযোগ

এমআরটি লাইন-৪ এর কমলাপুর মেট্রোরেল স্টেশনে এমআরটি লাইন-৬, এমআরটি লাইন-১ ও এমআরটি লাইন-২ এর সঙ্গে আন্তঃলাইন সংযোগ থাকবে।



## Digital বাংলাদেশ বিনির্মাণ

### Interactive Website

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর একটি সমৃদ্ধ ওয়েবসাইট ([www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)) রয়েছে। Website-এর সেবা বক্সসমূহ, Frequently Asked Question (FAQ) এবং জনস্বার্থ সংশ্লিষ্ট সকল তথ্য-উপাত্ত নিয়মিত হালনাগাদ করা হয়। এতে ডিএমটিসিএল-এর কার্যক্রমে জনসম্পৃক্ততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভবপর হচ্ছে। যে কোনো স্থান হতে যে কোনো সময় ডিএমটিসিএল'র কার্যক্রম সম্পর্কে সকলে জানতে পারেন এবং মতামত, অভিযোগ ও পরামর্শ প্রদান করতে পারেন। এই Website-এ Facebook Page, Image Gallery ও Video Gallery সংযুক্ত আছে, যেখানে ডিএমটিসিএল সম্পর্কিত কার্যক্রম, ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করা হয়ে থাকে। Video Gallery তে YouTube Channel-এর লিংক সংযুক্ত আছে। ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাসভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হয়ে থাকে। ডিএমটিসিএল সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি তাৎক্ষণিক গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের অবহিত করার নিমিত্ত DMTCL-SMC, DMTCL এবং DMTCL Grade 10 শিরোনামে তিনটি Messenger Group রয়েছে। ডিএমটিসিএল সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, নীতিমালা, গাইডলাইনস, বিভিন্ন প্রকাশনা ইত্যাদিও ওয়েবসাইটে সন্নিবেশ করা আছে। দ্রুত জনসেবা প্রদান ও প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ওয়েবসাইটে টোল ফ্রি নাম্বারসমূহ সংযোজন করা হয়েছে। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহ ও প্রকল্পসমূহের আওতাধীন সাইট অফিসসমূহ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে নিয়মিত ই-মেইল ব্যবহার করা হয়ে থাকে। সরকারি webmail-এ ডিএমটিসিএল এর কর্মকর্তাগণের অনুকূলে @dmtcl.gov.bd বরাদ্দ আছে। কম্পিউটার ভাইরাস সংক্রমণ রোধে ও কাগজের ব্যবহার হ্রাসে ডিএমটিসিএল ও এর আওতাধীন প্রকল্প কার্যালয়সমূহকে LAN ও WAN-এর আওতায় আনা হয়েছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল ডকুমেন্ট ও তথ্য-উপাত্ত সংরক্ষণের নিমিত্ত **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ** শীর্ষক উদ্ভাবনী ধারণা গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে।

### e-Service Roadmap Plan

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক প্রণীত e-Service Roadmap Plan এর আওতায় Management Information System (MIS) ও Metro Rail Citizen Apps (MRCA) প্রবর্তনের উদ্যোগ প্রক্রিয়াধীন রয়েছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ০৬টি মেট্রোরেল স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার নিমিত্ত ডিএমটিসিএল এর অনুকূলে Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) সাময়িকভাবে তরঙ্গ বরাদ্দ করেছে। চূড়ান্ত তরঙ্গ বরাদ্দ BTRC-তে প্রক্রিয়াধীন আছে।

### Enterprise Resource Management System (ERMS)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর DPP-তে ডিএমটিসিএল এর Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের নিমিত্ত নতুন প্যাকেজ CP-09 অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন প্যাকেজ CP-09 এর কাজ সহসাই শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে।

### Electronic Document Management System (EDMS)

ডিএমটিসিএল, প্রকল্প কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দ্রুত Project Documents আদান প্রদানের লক্ষ্যে Cloud Based ACONEX সফটওয়্যার ব্যবহার করে ডিএমটিসিএলকে Electronic Document Management System (EDMS) এর আওতায় আনা হয়েছে। এই সফটওয়্যারের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান-প্রদানের ক্ষেত্রে ব্যবহারকারী ও কার্যক্রম নির্দিষ্ট করে দেয়া যায়। প্রবেশাধিকার প্রাপ্ত ব্যবহারকারীগণ এই প্ল্যাটফর্ম ব্যবহার করে নিজেদের ভিতরে তথ্য আদান-প্রদানের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এটি Cloud Based সুরক্ষিত Construction Project Management সফটওয়্যার হওয়ায় বিভিন্ন দেশে মেট্রোরেল নির্মাণের সময় এ সফটওয়্যার সফলভাবে ব্যবহার করা হয়েছে। প্রবেশাধিকার প্রাপ্ত তত্ত্বাবধায়নকারী কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে Document এর সাইজ নির্বিশেষে Document সরাসরি দেখতে পারেন বিধায় পরীক্ষণ ও সমন্বয় কার্যক্রম সহজে করা যায়।

## Communication Based Train Control System (CBTC)

বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার জন্য Communication Based Train Control System (CBTC) চালুর নিমিত্ত Automatic Train Operation (ATO), Automatic Train Protection (ATP), Automatic Train Supervision (ATS) ও Moving Block System (MBS) সংগ্রহের কাজ চলমান আছে। এরই অংশ হিসেবে Public Information System (PIS) এর আওতায় Automatic Next Station Display and Announcement Inside Coach এবং Automatic Display and Announcement of Train Arrival Time in Station সংগ্রহের কাজও এগিয়ে চলছে। মেট্রোরোলে যাতায়াতকারী যাত্রীদের নিরাপত্তার নিমিত্ত Synchronized Platform Screen Door (PSD) and Train Door এবং Internet Protocol (IP) Camera System সংগ্রহের কাজ শুরু হয়েছে। যাত্রীদের নিরবচ্ছিন্ন ও স্বাচ্ছন্দ্যে যাতায়াতের সুবিধার্থে Automatic Fare Collection (AFC) System সংগ্রহের কাজ কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রসর হচ্ছে।



মেট্রোরেলের নিয়ন্ত্রণ, নিরাপত্তা ও যাত্রী সেবায় তথ্য প্রযুক্তির ব্যবহার

## ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টাল

ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করার নিমিত্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-কে গত ০৫ নভেম্বর ২০১৯ তারিখ ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়েছে। কার্যকরভাবে ই-জিপি ব্যবহার করার নিমিত্ত ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তাদের পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬; পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এবং Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines 2011 এর উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বর্তমানে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের রাজস্ব খাত সংশ্লিষ্ট ক্রয় প্রক্রিয়া ই-জিপি এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

## Video Conference

সময় বাঁচানো, অর্থ সাশ্রয় ও যাতায়াত বিড়ম্বনা পরিহারের লক্ষ্যে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহ Video Conference করে থাকে। নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে ভার্চুয়াল সভার সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সাধারণ Video Conference এর পাশাপাশি Zoom Video Conference এর মাধ্যমে নিয়মিত বিভিন্ন সভা, প্রশিক্ষণ, কর্মশালা, উদ্বোধনী অনুষ্ঠান, চুক্তি স্বাক্ষর ইত্যাদি আয়োজন করা হয়েছে।

## MRT Pass

মেট্রোরোলে যাতায়াতকারী যাত্রীগণ একই MRT Pass ব্যবহার করে মেট্রোরেলের সকল লাইনে স্বাচ্ছন্দ্যে যাতায়াত করতে পারবেন। Mobile Apps এবং Web Application ব্যবহার করে MRT Pass সহজেই রিচার্জ করা যাবে। মেট্রোরেলের প্রতিটি স্টেশনে Ticket Office Machine (TOM) এবং Ticket Vending Machine (TVM) থাকবে। উভয় Machine ব্যবহার করে MRT Pass রিচার্জ করা যাবে। MRT Pass ব্যবহার করে যাত্রীগণ মেট্রোরেল ছাড়াও বিভিন্ন পরিবহন মাধ্যম যেমন-বাস র‍্যাপিড ট্রানজিট, বাংলাদেশ রেলওয়ে, বিআরটিসি'র বাস, বিআইডব্লিউটিসি'র নৌ-যান ও চুক্তিবদ্ধ বেসরকারি বাসে স্বাচ্ছন্দ্যে ও নিরবচ্ছিন্নভাবে যাতায়াত করতে পারবেন। MRT Pass-কে Rapid Pass Compatible করা হয়েছে বিধায় Rapid Pass ব্যবহার করেও মেট্রোরোলে যাতায়াত করা যাবে। একই স্থান ও ডিভাইস হতে MRT Pass এবং Rapid Pass রিচার্জ করা যাবে। MRT Pass এর ডিজাইন চূড়ান্ত করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী সংগ্রহের কাজ চলছে।





### MRT Pass এর Perspective Design

#### ই-নথি

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প কার্যালয়সমূহকে ই-নথি কার্যক্রমের আওতায় আনা হয়েছে। পেপারলেস অফিস স্থাপনের লক্ষ্যে প্রকল্প কার্যালয়সমূহে ই-নথি কার্যক্রম ধারাবাহিকভাবে সম্প্রসারণ করা হচ্ছে।

#### মেট্রোরেল লাইসেন্স

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও ব্যবস্থাপনার নিমিত্ত সরকার গত ০৩ জুন ২০১৯ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০১/২০১৯ ইস্যু করে। MRT Line-1 নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং MRT Line-1 এর রুট এ্যালাইনমেন্টে Station Plaza ও Transit Oriented Development (TOD) Hub নির্মাণ ও পরিচালনার নিমিত্ত সরকার গত ২৬ নভেম্বর ২০২০ তারিখ ডিএমটিসিএল এর অনুকূলে মেট্রোরেল লাইসেন্স নম্বর-০২/২০২০ ইস্যু করেছে (পরিশিষ্ট-৬)। MRT Line-5: Northern Route এর লাইসেন্স ইস্যু কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। MRT Line-5: Southern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হওয়ার পর লাইসেন্স ইস্যুর জন্য সরকারের নিকট আবেদন করা হবে।

#### স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force গঠন

গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গণভবনে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় মাননীয় প্রধানমন্ত্রী সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত MRT Network-এর নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force দ্রুত গঠন করতে অনুশাসন প্রদান করেন। এই অনুশাসনের ধারাবাহিকতায় জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৯ মে ২০২১ তারিখ স্বতন্ত্র বিশেষায়িত MRT Police গঠনের জন্য ৫৪২টি পদ সৃজনে এবং ৩১ টি যানবাহন টিওএন্ডইভুক্তিতে সম্মতি প্রদান করে। এরই ধারাবাহিকতায় MRT Police Force গঠনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশের ভিত্তিতে সম্মতি প্রদানের জন্য জননিরাপত্তা বিভাগ কর্তৃক অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। MRT Line-1 এর পিতলগঞ্জ ডিপো এলাকায় স্বতন্ত্র বিশেষায়িত MRT Police Force এর প্রধান কার্যালয় নির্মাণের জন্য ভূমি চিহ্নিত করে রাখা হয়েছে।

## Transit Oriented Development (TOD) Hub

অত্যাধুনিক সমন্বিত নগর পরিকল্পনার অংশ হিসেবে দ্রুতগামী গণপরিবহন বা Mass Rapid Transit (MRT)-এর আন্তঃলাইন সংযোগ স্টেশন সংলগ্ন এলাকায় ও প্রধান প্রধান স্টেশন সংলগ্ন এলাকায় এবং MRT এর সঙ্গে অন্য গণপরিবহনের সংযোগ স্থলে সাধারণত Transit Oriented Development (TOD) Hub গড়ে তোলা হয়ে থাকে। TOD Hub-এ আবাসিক, বাণিজ্যিক এবং বিনোদনমূলক স্থাপনা নির্মাণ করা হয়। এগুলোর মধ্যে অন্যতম হল: Multipurpose বহুতল ভবন, বহুতল পার্কিং, সুপ্রশস্ত বাস বে, সাইকেল স্ট্যান্ড, Car Free Zone, Walk Way, বিনোদন পার্ক, ফুড কোর্ট, Kids Zone ইত্যাদি। এক থেকে দেড় কিলোমিটার এলাকায় বসবাসকারী জনসাধারণ পায়ে হেঁটে বা সাইকেলে চড়ে এবং মেট্রো স্টেশন ব্যবহার করে দূরবর্তী জনসাধারণ TOD Hub-এর সুবিধা ভোগ করতে পারবেন। বিভিন্ন দেশের মেট্রোরেল পরিচালনার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, শুধুমাত্র ভাড়ার আয় হতে লাভজনকভাবে মেট্রোরেল পরিচালনা করা যায় না। এই প্রেক্ষাপটে Non-fare Business হিসেবে মেট্রোরেল পরিচালনাকারী কোম্পানিগুলো মেট্রোরেল পরিচালনার পাশাপাশি মেট্রোরেলের আন্তঃলাইন সংযোগ স্টেশন ও প্রধান প্রধান স্টেশনগুলোকে ক্রমান্বয়ে Transit Oriented Development (TOD) Hub হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করে। মেট্রোরেলের ভাড়া জনগণের সাধের মধ্যে রাখার জন্যও TOD Hub নির্মাণ করা হয়ে থাকে। মেট্রোরেল আইন ২০১৫ এবং মেট্রোরেল বিধিমালা ২০১৬-এ মেট্রোরেলের ভাড়া নির্ধারণে পরিচালনা ব্যয় এবং জনসাধারণের আর্থিক সামর্থ্য বিবেচনার জন্য বলা হয়েছে। এই প্রেক্ষাপটে Dhaka Mass Transit Company Limited (DMTCL) প্রতিটি এমআরটি লাইনের রুট এলাইনমেন্টে Non-fare Business হিসেবে ন্যূনতম একটি করে TOD Hub নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় MRT Line-6 এর উত্তরা সেন্টার স্টেশন সংলগ্ন ভূমিতে TOD Hub নির্মাণের নিমিত্ত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিকট থেকে ২৮.৬১৭ একর ভূমি বরাদ্দ গ্রহণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্ত ভূমির মূল্য বাবদ প্রায় ৮৬৫ কোটি ৬৯ লক্ষ টাকা রাজউক-কে পরিশোধ করা হয়েছে। বর্তমানে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানকে এই TOD Hub এর Layout Plan প্রস্তুতের দায়িত্ব দেয়া হয়েছে। এটিই হবে বাংলাদেশের প্রথম TOD Hub. সরকারি অথবা বৈদেশিক সহায়তায় অথবা জিউজি ভিত্তিতে পিপিপি পদ্ধতিতে এই TOD Hub গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। MRT Line-1, MRT Line-5: Northern Route এবং MRT Line-5: Southern Route এর আওতায় TOD Hub নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অনুসন্ধান চলছে।

## Station Plaza

Station Plaza হল দ্রুতগামী গণপরিবহন পরিকল্পনার একটি অত্যাধুনিক ধারণা। মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় নির্মিত স্টেশন প্লাজায় সাধারণত ক্ষুদ্র পরিসরে বাণিজ্যিক ও বিনোদনমূলক কার্যক্রম পরিচালনা করা হয়। মেট্রো স্টেশন প্লাজায় বিভিন্ন Transport Mode ব্যবহার করে যাত্রীদের স্টেশনে আসা যাওয়ার সুবিধা সৃষ্টি করা হয়। মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় বসবাসকারী জনসাধারণ এবং ভ্রমণকারী যাত্রী সাধারণের সুবিধার্থে Station Plaza-এ Pick-up and Drop-off Point, বাস বে, সাইকেল স্ট্যান্ড, বিনোদন পার্ক, ফুড কোর্ট, Children Corner ইত্যাদি থাকে। স্থানীয় জনগণ পায়ে হেঁটে বা সাইকেল ব্যবহার করে এবং মেট্রো স্টেশন ব্যবহার করে দূরবর্তী জনসাধারণ মেট্রো স্টেশনে যাতায়াত কালে Station Plaza এর সুবিধাদি গ্রহণ করতে পারবেন। এই প্রেক্ষাপটে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) লাভজনকভাবে পরিচালনার নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০-এ অন্তর্ভুক্ত MRT Network-এর সুবিধাজনক স্টেশন সংলগ্ন এলাকায় ক্রমান্বয়ে Station Plaza গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় MRT Line-6 এর উত্তরা উত্তর, আগারগাঁও, ফার্মগেইট ও কমলাপুর মেট্রোরেল স্টেশন সংলগ্ন এলাকায় ০৪(চার)টি Station Plaza নির্মাণে প্রাথমিকভাবে ভূমি চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত ভূমি অধিগ্রহণ এবং/অথবা সরকারি প্রতিষ্ঠানের ভূমি হস্তান্তরের মাধ্যমে গ্রহণ করে Station Plaza সমূহ নির্মাণ করা হবে। Japan International Cooperation Agency (JICA) এই ০৪(চার)টি Station Plaza নির্মাণের জন্য সহায়তা প্রদান করতে প্রাথমিকভাবে সম্মত হয়েছে। প্রাথমিকভাবে চিহ্নিত ভূমিতে Station Plaza নির্মাণের জন্য খসড়া Layout Plan প্রস্তুত করতে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান NKDM Association-কে অনুরোধ করা হয়েছে। NKDM Association Layout Plan এর প্রথম খসড়া প্রস্তুত করে দাখিল করেছে। টিম ডিএমটিসিএল Layout Plan এর প্রথম খসড়া পরীক্ষা-নিরীক্ষা করছে।



## Commercial Space

বিভিন্ন দেশের মেট্রোরেল পরিচালনার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, শুধুমাত্র ভাড়ার আয় হতে লাভজনকভাবে মেট্রোরেল পরিচালনা করা যায় না। এই প্রেক্ষাপটে Non-fare Business হিসেবে মেট্রোরেল পরিচালনাকারী কোম্পানিগুলো মেট্রোরেল পরিচালনার পাশাপাশি মেট্রোরেল স্টেশনসমূহের Concourse Level-এ Commercial Space রাখে। এই প্রেক্ষাপটে MRT Line-6 এর প্রতিটি উড়াল স্টেশনে Commercial Space রাখা হয়েছে। MRT Line-1 এর উড়াল স্টেশনের Concourse সম্পূর্ণ সড়ক ব্যাপী নির্মাণ করে প্রত্যেকটি স্টেশনের Concourse ব্যবহার করে বাণিজ্যিক Space সৃষ্টির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় MRT Line-1, MRT Line-5: Northern Route ও MRT Line-5: Southern Route এর পাতাল মেট্রোরেল স্টেশনসমূহে এবং MRT Line-5: Northern Route ও MRT Line-5: Southern Route এর উড়াল মেট্রোরেল স্টেশনসমূহে Commercial Space রাখার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## যানজট নিরসনে মেট্রোরেল

মেট্রোরেলের অল্প সময়ে অধিক সংখ্যায় যাত্রী পরিবহন করা সম্ভব হবে। MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল ঘন্টায় ৬০ হাজার এবং দিনে ৫ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন। ৬টি কোচ সম্বলিত মেট্রো ট্রেন ৩৮ মিনিটে ১৬টি স্টেশনে থেমে উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত যাতায়াত করবে। এতে ছোট ছোট যানবাহনের ব্যবহার বহুল সংখ্যায় হ্রাস পাবে। যানজট বহুলাংশে কমে যাবে। ঢাকা মহানগরীর যাতায়াত ব্যবস্থায় ভিন্ন মাত্রা ও গতি যোগ হবে। ফলশ্রুতিতে মহানগরবাসীর কর্মঘণ্টা সাশ্রয় হবে। MRT Line-6 সম্পন্ন হওয়ার পর মেট্রোরেল পরিচালনাকালে দৈনিক Travel Time Cost বাবদ প্রায় ৮ কোটি ৩৮ লক্ষ টাকা এবং Vehicle Operation Cost বাবদ প্রায় ১ কোটি ১৮ লক্ষ টাকা সাশ্রয় হবে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সাশ্রয়কৃত কর্মঘণ্টা ব্যবহার করা যাবে। GDP Growth Rate বৃদ্ধি পাবে।

## পরিবেশ উন্নয়নে মেট্রোরেল

মেট্রোরেলসমূহ সম্পূর্ণ বিদ্যুৎ পরিচালিত হওয়ায় কোনো ধরনের জীবাশ্ম ও তরল জ্বালানী ব্যবহৃত হবে না। Railway Track এর নিচে Mass Spring System (MSS) থাকবে। Continuous Welded Rail (CWR) ব্যবহার করা হবে। উড়াল মেট্রোরেলের ভায়োডাক্টের উভয় পার্শ্বে শব্দ প্রতিরোধক দেয়াল থাকবে। পাতাল মেট্রোরেলের টানেল সংলগ্ন মাটি শব্দ প্রতিরোধক হিসেবে কাজ করবে। পাতাল মেট্রোরেল নির্মাণে সম্পূর্ণ শব্দহীন ও নিরাপদ Tunnel Boring Machine-TBM ব্যবহার করা হবে। মেট্রোরেল লাইনসমূহ চালু হলে ঢাকা মহানগরীতে গাড়ির ব্যবহার ব্যাপকভাবে হ্রাস পাবে। উল্লেখ্য যে, ২০২২ সালে MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেল চালু হলে ঢাকা মহানগরীতে গাড়ির ব্যবহার কমে বছরে ২,০২,৭৬২ (দুই লক্ষ দুই হাজার সাতশত বাষট্টি) টন কার্বন নিঃসরণ হ্রাস পাবে। মেট্রোরেল নির্মাণ ও পরিচালনায় সার্বিকভাবে পরিবেশের উপর কোনো নেতিবাচক প্রভাব ফেলবে না বরং পরিবেশ উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখবে।

## ঢাকা মেট্রোরেল: তরুণ প্রকৌশলীদের সম্ভাবনার নতুন দুয়ার

অত্যাধুনিক নগর পরিবহন হিসেবে মেট্রোরেল বিভিন্ন প্রকৌশল বিভাগের একটি সমন্বিত কার্যক্রম। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় ঢাকা মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণের নিমিত্ত সরকারের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ বাস্তবায়িত হওয়ার পর শুধু ডিএমটিসিএল এর অধীনে নতুন ১২ হাজার গ্র্যাজুয়েট প্রকৌশলী ও মাঠ প্রকৌশলীদের চাকুরীর সংস্থান হবে। এরই ধারাবাহিকতায় Forward ও Backward Linkage শিল্প স্থাপন ও সেবা কার্যক্রমের মাধ্যমে আরও তিনগুণ নতুন কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে। ফলশ্রুতিতে মেট্রোরেল নেটওয়ার্ক নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য দেশের অভ্যন্তরে দক্ষ জনশক্তি তৈরী হবে। এই দক্ষ জনশক্তি দেশের চাহিদা পূরণ করেও বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রসারমান মেট্রোরেলের কাজ করতে পারবেন। এতে বাংলাদেশের Remittance প্রবাহে ইতিবাচক প্রভাব পড়বে।

## মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন

মেট্রোরেল আইন ২০১৫ তে Underground বা পাতাল মেট্রোরেল নির্মাণ, পরিচালনা ও ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত উল্লেখ নেই। ইতোমধ্যে বাংলাদেশের প্রথম পাতাল মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ শুরু করা হয়েছে। ডিপোর ভূমি উন্নয়নের জন্য দরপত্রও আহবান করা হয়েছে। এই প্রেক্ষাপটে মেট্রোরেল আইন ২০১৫ সংশোধন করা প্রয়োজন। এই লক্ষ্যে ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর আওতায় মেট্রোরেল আইন ২০১৫ সংশোধনের নিমিত্ত Individual Consultant নিয়োগ করা হয়েছে। নিয়োজিত Individual Consultant মেট্রোরেল আইন ২০১৫ এর খসড়া সংশোধনের প্রাথমিক প্রস্তাব দাখিল করেছে। প্রাপ্ত প্রস্তাব পরীক্ষা নিরীক্ষা করে দেখা হচ্ছে।

## ডিএমটিসিএল-এর কর্মচারী চাকরি বিধিমালা

বর্তমানে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কোনো কর্মচারী চাকরি বিধিমালা নেই। এই প্রেক্ষাপটে ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এর আওতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর কর্মচারী চাকরি বিধিমালা ২০২১ প্রণয়নের নিমিত্ত Individual Consultant নিয়োগ করা হয়েছে। ইতোমধ্যে নিয়োজিত Individual Consultant ডিএমটিসিএল এর কর্মচারী চাকরি বিধিমালা ২০২১ এর প্রথমিক খসড়া প্রস্তুত করে দাখিল করেছে। সিনিয়র ম্যানেজমেন্ট গ্রুপ এই খসড়ার উপর মতামত প্রদান করেছে। বর্তমানে বিধিমালার সঙ্গে সংযুক্ত তফসিলের সঠিকতা যাচাই করে দেখা হচ্ছে।

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর জনবল

Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর অনুমোদিত জনবলের সংখ্যা ১৯২০। বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে গত ২০১৯-২০২০ অর্থবছরে ১৩৬টি পদ পূরণের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি-৬, নিয়োগ বিজ্ঞপ্তি-৭ এবং বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-১ প্রদান করা হয়। নিয়োগ বিজ্ঞপ্তি-৬ এর বিপরীতে Train Operator এর ৫১টি শূন্য পদ পূরণের নিমিত্ত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গত ২১, ২২ ও ২৩ মার্চ ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের Psychological টেস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতায় অনুষ্ঠানের নিমিত্ত উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। নিয়োগ বিজ্ঞপ্তি-৬ এর বিপরীতে অবশিষ্ট ১০ ক্যাটাগরির ৫৮টি শূন্য পদ এবং নিয়োগ বিজ্ঞপ্তি-৭ এর বিপরীতে ০৪ ক্যাটাগরির ০৫টি শূন্য পদ পূরণের নিমিত্ত গৃহীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে। বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-১ এর বিপরীতে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত short list গত ১৮ জানুয়ারি ২০২১ তারিখ অনুষ্ঠিত নিয়োগ কমিটির সভায় উপস্থাপন করা হয়। নিয়োগ কমিটি মৌখিক পরীক্ষার জন্য প্রার্থী নির্বাচন চূড়ান্ত করেছে। Semi Skilled Maintainer-গণের নিয়োগের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে ১৩০টি পদ পূরণের নিমিত্ত গত ২৯ জুন ২০২১ তারিখ নিয়োগ বিজ্ঞপ্তি-৮ প্রকাশ করা হয়। আবেদন দাখিলের সর্বশেষ সীমা ৩১ আগস্ট ২০২১ তারিখ নির্ধারিত আছে। ২০২০-২০২১ অর্থবছরে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কোম্পানি গ্রেড-৯ ও তদুর্ধ্ব পর্যায়ে যীরা দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা [পরিশিষ্ট-৮](#) তে দেয়া হয়েছে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

২০২০-২০২১ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) অংশের ৯টি সূচকের মধ্যে জুন ২০২১ মাস পর্যন্ত ৮টি সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। অবশিষ্ট ১টি সূচক নির্ধারিত লক্ষ্যমাত্রা ৭৫ শতাংশ এর বিপরীতে অর্জন হয়েছে ৬৭.৬৩ শতাংশ। ২০২০-২০২১ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১৮টি সূচকের মধ্যে জুন ২০২১ মাস পর্যন্ত ১৫টি সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ১৭টি সূচকের মধ্যে জুন ২০২১ মাস পর্যন্ত ১৪টি সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারীর পরিস্থিতিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১টি সূচক, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩টি সূচক এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের ৩টি সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। বাস্তবায়িত সূচকসমূহের প্রমাণক সংরক্ষণ ও দাখিলের জন্য ফোকাল পার্সন কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হয়েছে।





গত ২৪ জুন ২০২১ তারিখ ডিএমটিসিএল এবং প্রকল্প কার্যালয়সমূহের মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরের APA স্বাক্ষর

### মাসিক সমন্বয় সভা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রশাসনিক ও প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল এর সভাপতিত্বে মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। প্রতিমাসের প্রথম বুধবার মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারণ করা আছে। নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রধান কার্যালয়ে সীমিত সংখ্যক কর্মকর্তার অংশগ্রহণে এবং Zoom Apps-এর মাধ্যমে বিভিন্ন প্রকল্প অফিস ও সাইট অফিস থেকে অন্যান্য কর্মকর্তাদের অংশগ্রহণে ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিমাসে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তদভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়।



গত ০৫ আগস্ট ২০২০ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা

## জাতীয় শুদ্ধাচার কৌশল

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কোয়ার্টারের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। সকল কোয়ার্টারের অর্জিত লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ প্রমাণক সংরক্ষণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিলের জন্য ফোকাল পার্সন কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হয়েছে। উল্লেখ্য যে, ডিএমটিসিএল ২০১৯-২০২০ এবং ২০১৮-২০১৯ উভয় অর্থ বছরেই জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করেছিল।

## উত্তম চর্চা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে উত্তম চর্চার মাধ্যমে প্রশাসনিক ও প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনা হয়েছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে উত্তম চর্চায় পরিবর্তন আনা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে যে সকল উত্তম চর্চা করা হয়েছে তা নিম্নে প্রদান করা হল:

### ক) Enterprise Resource Management System (ERMS) প্রবর্তন

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর নির্মাণ কাজের অধিকার বৈধী ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেট্রোরেল পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত বিপুল পরিমাণ সরঞ্জাম ও যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে/হচ্ছে। মেট্রো ট্রেনের নির্মাণ জাপানে পুরোদমে চলছে। এ প্রেক্ষাপটে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেলসমূহে সরঞ্জাম, যন্ত্রপাতি, মেট্রো ট্রেন এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির ডাটাবেইজ তৈরী, সুষ্ঠু ব্যবস্থাপনা, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে করার নিমিত্ত ডিএমটিসিএল এর Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের কাজ শুরু করা হয়েছে।

### খ) নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইন-৬ এর কাজ অব্যাহত রাখা

নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রথম দিন থেকেই অব্যাহত রাখা হয়। প্রথম তিন মাস দেশে ও বিদেশে Home Assignment ও Home Office Assignment-এ Design-এর কাজ করা হয়। একই সঙ্গে কারখানায় সরঞ্জামাদি ও মেট্রো ট্রেন নির্মাণের কাজ অব্যাহত রাখা হয়। ৪র্থ মাস থেকেই COVID-19 Screening ব্যবস্থা প্রবর্তন করে মাঠ পর্যায়ের কাজ শুরু করা হয় এবং পর্যায়ক্রমে কাজের পরিধি বৃদ্ধি করা হয়।

### গ) নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত বিদেশী নাগরিকদের বাংলাদেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা করা

গত ৮ মার্চ ২০২০ তারিখ বাংলাদেশে প্রথম নভেল করোনা ভাইরাস (COVID-19) শনাক্ত হয় এবং ক্রমাগতই শনাক্তের হার বৃদ্ধি পেতে থাকে। এ প্রেক্ষাপটে সরকার নভেল করোনা ভাইরাস (COVID-19) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাব রোধে গত ২৬ মার্চ ২০২০ তারিখ থেকে সাধারণ ছুটি ঘোষণা করে। এ পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত অধিকাংশ বিদেশী নাগরিকগণ নিজ নিজ দেশে প্রত্যাবর্তন করেন। বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করার নিমিত্ত ডিএমটিসিএল বিশেষ উদ্যোগ গ্রহণ করে। এ উদ্যোগের ধারাবাহিকতায় MRT Line-6 এর নির্মাণস্থলের সন্নিহিত অস্থায়ী আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়। COVID-19 Positive জনবলকে হোম অথবা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে রাখা নিশ্চিত করা হয়। প্রয়োজনে সরকারি বা চুক্তিবদ্ধ হাসপাতালে ভর্তি করা হয়। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি মোকাবেলায় ও কর্মরত বিদেশী জনবলের COVID-19 চিকিৎসায় আস্থা সৃষ্টির লক্ষ্যে গাবতলীস্থ কম্পট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কম্পট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Isolation Center (Field Hospital) নির্মাণ করা হয়। এতে বিদেশী নাগরিকদের বাংলাদেশে ফিরে আসার আগ্রহ সৃষ্টি হয়। বিভিন্ন দেশের সঙ্গে বিমান চলাচল বন্ধ থাকা সত্ত্বেও বিশেষ উদ্যোগে বিদেশী পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবলকে বাংলাদেশে ফিরিয়ে এনে কাজে নিয়োজিত করা হয়।



### ঘ) ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের জন্য করোনা সহায়তা তহবিল গঠন

ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের মধ্যে ১১-২০ গ্রেডের যে সকল কর্মচারী নভেল করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্ত হয়েছেন/হচ্ছেন তাঁদেরকে প্রয়োজনে সহায়তা করার নিমিত্ত ১-১০ গ্রেডের কর্মচারীগণ স্বেচ্ছা অনুদান প্রদান করে **করোনা সহায়তা তহবিল** গঠন করেছেন। নির্ধারিত গ্রেডের করোনা আক্রান্ত কর্মচারীদের এ তহবিল হতে প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান করা হচ্ছে।

### ঙ) মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে ডিএমটিসিএল এর স্থিতিস্থাপক বর্ষপঞ্জি ২০২০ ছাপানো

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর স্থিতিস্থাপক বর্ষপঞ্জি ছাপানো হয়।

চ) মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান এবং বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো স্লোগান সম্বলিত দুইটি পৃথক পোস্টার ছাপানো।

মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান এবং বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো স্লোগান সম্বলিত দুইটি পৃথক পোস্টার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্টের উভয় পার্শ্বে লাগানো হয়েছে।

ছ) মুজিব শতবর্ষ উদযাপন উপলক্ষ্যে স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে মিনি পুস্তিকা প্রকাশ

স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল এবং **Dream Comes True: Metro Rail** নামে বাংলা ও ইংরেজিতে একত্রে মিনি পুস্তিকা প্রকাশ করা হয়েছে।

## সিটিজেন চার্টার

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা আছে। প্রতি বছর সেবার পরিধি বৃদ্ধি বা পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণ যাতে সেবা গ্রহণ করতে পারেন সে জন্য ডিএমটিসিএল সদা সচেষ্ট রয়েছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) মহাত্মা গান্ধী প্রণীত নিম্নোক্ত সিটিজেন চার্টার অনুসরণ ও পরিপালনে বিশ্বাসী:

### Citizen's Charter

- A Customer is the most important visitor on our premises.
- He is not dependent on us,
- We are dependent on him.
- He is not an interruption of our work,
- He is the purpose of it.
- He is not an outsider to our business,
- He is a part of it.
- We are not doing him a favour by serving him,
- He is doing us a favor by giving us an opportunity to do so.

## অংশীজন সভা

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত অংশীজনের সমন্বয়ে একটি সভা গত ১০ নভেম্বর ২০২০ তারিখ মতিঝিলস্থ এজিবি কলোনি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। সভায় অংশীজনগণ তাঁদের নিজ নিজ মতামত তুলে ধরেন এবং বিভিন্ন বিষয় সম্পর্কে জানতে আগ্রহ প্রকাশ করেন। টিম ডিএমটিসিএল MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিত করা হলে কমলাপুর ও দেশবাসী যে সকল সুযোগ সুবিধা পাবেন তা সভায় তুলে ধরে। অংশীজনগণের প্রশ্নের প্রেক্ষিতে যথাযথ জবাব প্রদান করেন।



গত ১০ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত এমআরটি লাইন-৬ মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতকরণ বিষয়ক অংশীজন সভা

## প্রাতিষ্ঠানিক গণশুনানি

গত ১৩ জুন ২০২১ তারিখ ডিএমটিসিএল এর সম্মেলন কক্ষে উপস্থিত অংশীজন এবং Zoom Cloud-এর মাধ্যমে সংযুক্ত অংশীজন সমন্বয়ে প্রাতিষ্ঠানিক গণশুনানি অনুষ্ঠিত হয়। এই প্রতিষ্ঠানিক গণশুনানির বিষয়বস্তু ছিল: **এমআরটি লাইন-৬ মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত বর্ধিতকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে চ্যালেঞ্জ ও পরামর্শ**। সভায় অংশগ্রহণকারী অংশীজন বিষয়বস্তুর উপর সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদান করেন।



গত ১৩ জুন ২০২১ তারিখ ডিএমটিসিএল আয়োজিত প্রাতিষ্ঠানিক গণশুনানি

## মানব সম্পদ উন্নয়ন

### নবনিযুক্ত প্রকৌশলীগণের প্রশিক্ষণ

মেট্রোরেল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিয়োজিত লোকবলের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুশাসন প্রদান করেছেন। এরই ধারাবাহিকতায় ডিএমটিসিএল এর নবনিযুক্ত জনবলকে এমআরটি ওরিয়েন্টেশন কোর্স, বুনিয়াদি প্রশিক্ষণ, বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ, রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ এবং টেলিকমিউনিকেশন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। কিন্তু নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে সরকারের বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সশরীরে প্রশিক্ষণ প্রদান করা সম্ভবপর হচ্ছিলো না বিধায় ২০২০-২০২১ অর্থ বছরে ডিএমটিসিএল এর নবনিযুক্ত জনবলকে এই সকল প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি। তবে নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতি উন্নতি হওয়ায় ডিএমটিসিএল



এর নবনিযুক্ত জনবলের মধ্যে যঁরা এখনও রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের মধ্যে ০৮ জন সেকশন ইঞ্জিনিয়ারকে রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত গত ০৯ জুন ২০২১ তারিখ রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়েছে। যঁরা এখনও বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের মধ্যে ১৯ জন এ্যাসিস্ট্যান্ট ম্যানেজারকে বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত গত ২০ জুন ২০২১ তারিখ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-কে অনুরোধ করা হয়েছে। যঁরা এখনও টেলিকমিউনিকেশন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করেননি তাঁদের মধ্যে ১৯ জন এ্যাসিস্ট্যান্ট ম্যানেজারকে টেলিকমিউনিকেশন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত গত ২৩ জুন ২০২১ তারিখ টেলিযোগাযোগ স্টাফ কলেজ-কে অনুরোধ করা হয়েছে। যঁরা এমআরটি ওরিয়েন্টেশন কোর্স, বুনিয়াদি প্রশিক্ষণ, বিদ্যুৎ বিষয়ক মৌলিক প্রশিক্ষণ, রেলওয়ে বিষয়ক মৌলিক প্রশিক্ষণ এবং টেলিকমিউনিকেশন বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁদের নামভিত্তিক ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। এই ডাটাবেজ নিয়মিত হালনাগাদ করা হয়। দেশে Basic Training সমূহ সম্পন্ন হওয়ার পর কর্মকর্তাগণকে বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করার পরিকল্পনা রয়েছে।

## ইন-হাউজ প্রশিক্ষণ

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর সকল গ্রেডের কর্মচারীদের নৈতিকতা, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরে ১৮টি প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে ৩৭৬ জনকে শ্রেণীকক্ষে ও ভারুয়াল পদ্ধতিতে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (পরিশিষ্ট-ছ)। তন্মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি; পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮; জাতীয় শুদ্ধাচার কৌশল; উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি; Bangladesh e-Government Procurement (e-GP) Guidelines, মেট্রোরেল আইন ২০১৫; মেট্রোরেল বিধিমালা ২০১৬; তথ্য অধিকার আইন ২০০৯, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন ২০১৭ ইত্যাদি উল্লেখযোগ্য।



তথ্য অধিকার আইন ২০০৯ এর উপর ইন-হাউজ প্রশিক্ষণ

## মাঠ প্রশিক্ষণ

মাঠ প্রশিক্ষণের অংশ হিসেবে সরকারি কর্মচারী ও সরকারি-বেসরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ নিয়মিত মেট্রোরেলের উন্নয়ন কর্মকান্ড পরিদর্শন করে থাকেন। এ সময় প্রশিক্ষণার্থীগণকে মেট্রোরেল নেটওয়ার্ক, বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়ন চ্যালেঞ্জসমূহ ও উত্তরণ সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়। নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে ২০২০-২০২১ অর্থ বছরে মাঠ প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবতার নিরিখে সীমিত রাখা হয়। তবে যে সময়ে নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতি নিয়ন্ত্রণের মধ্যে ছিল সে সময়ের গত ০২ মার্চ ২০২১ তারিখ Study Visit of newly recruited Officials of 38<sup>th</sup> BCS (Roads and Highways) Cadre-এর আয়োজন করা হয়। COVID-19 মহামারী পরিস্থিতির উন্নতি হওয়ার পর পুনরায় মাঠ প্রশিক্ষণের কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে।



Study Visit of newly recruited officials of 38<sup>th</sup> BCS (Roads and Highways) Cadre

### DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ

DMTCL Training Academy এবং Dormitory Building এর নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। পরিকল্পনা অনুযায়ী DMTCL Training Academy-কে Center of Excellence হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। এই প্রেক্ষাপটে বিকল্প ব্যবস্থায় DMTCL বহিঃপ্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় দেশী-বিদেশী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ Mass Rapid Transit (MRT) এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন এবং Internship করে থাকেন। কিন্তু নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী পরিস্থিতিতে ২০২০-২০২১ অর্থ বছরে DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবতার নিরিখে বন্ধ রাখা হয়। COVID-19 মহামারী পরিস্থিতির উন্নতি হওয়ার পর পুনরায় DMTCL Training Academy এর মাধ্যমে প্রশিক্ষণ ও Internship কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে।

### বৈদেশিক প্রশিক্ষণ

চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশীদের গমনে নিষেধাজ্ঞা থাকায় এবং বিপরীতক্রমে বাংলাদেশ ভ্রমণের উপর সংশ্লিষ্ট দেশসমূহ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করায় ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নির্ধারিত বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করা সম্ভবপর হয়ে উঠেনি। এই প্রেক্ষাপটে ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাত্র ০১(এক) জন কর্মকর্তা ২০২০-২০২১ অর্থ বছরে United Arab Emirates-এ Copper Conductores Test Witness করার জন্য বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। এই প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা United Arab Emirates-এ প্রশিক্ষণরত অবস্থায় COVID-19 এ আক্রান্ত হয়ে দীর্ঘ দিন United Arab Emirates-এ Quarantine-এ ছিলেন। ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর পরামর্শক প্রতিষ্ঠান NKDM Association এর সঙ্গে সম্পাদিত Addendum-1 চুক্তির Scope of Services অনুযায়ী NKDM Association কর্তৃক ডিএমটিসিএল-এর জনবলকে বিশেষ করে ট্রেন অপারেশন এবং মেইনটেনেন্স জনবলকে Delhi Metro Rail Corporation Ltd., India-এর Delhi Metro Rail Academy-তে দীর্ঘ মেয়াদী বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হবে। কিন্তু বাংলাদেশ ও ভারতের COVID-19 বৈশ্বিক মহামারী পরিস্থিতি বিবেচনায় ২০২০-২০২১ অর্থ বছরে এই বছরে বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করা সম্ভবপর হয়নি। তবে আগামী অক্টোবর ২০২১ মাসে সার্বিক পরিস্থিতি বিবেচনায় দীর্ঘ মেয়াদী এই বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।



## মেট্রোরেল বিশেষ শারীরিক চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য সুবিধাদি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের স্টেশন ও ট্রেনের অভ্যন্তরে বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের (Physically Challenged Persons) জন্য উন্নত বিশ্বের ন্যায় প্রয়োজনীয় সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিশেষ চাহিদাসম্পন্ন যে সকল ব্যক্তিদের জন্য বিশেষ সুবিধাদি অন্তর্ভুক্ত করা হয়েছে তন্মধ্যে অন্যতম হল: হইল চেয়ার ব্যবহারকারী, দৃষ্টি প্রতিবন্ধী, বাক ও শ্রবণ প্রতিবন্ধী ইত্যাদি। সুবিধাদির ছবি সম্বলিত বর্ণনা [পরিশিষ্ট-জ](#) তে দেয়া হয়েছে।

## মেট্রোরেল মহিলা, শিশু ও বয়স্ক যাত্রীদের জন্য সুবিধাদি

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল মহিলা যাত্রীগণের নিরাপদ ও স্বাচ্ছন্দ্য যাতায়াত নিশ্চিত করার জন্য প্রতি মেট্রো ট্রেনে একটি স্বতন্ত্র মহিলা কোচ থাকবে। মেট্রো স্টেশনগুলোতে মহিলা যাত্রীদের জন্য পৃথক বাথরুমের সংস্থান আছে এবং তাতে শিশুদের ডায়াপার পরিবর্তনের সুবিধার্থে বিশেষ ব্যবস্থা সংযোজিত আছে। গর্ভবতী মহিলা ও অতিরিক্ত বয়স্ক যাত্রীগণের জন্য মেট্রো ট্রেনের কোচের অভ্যন্তরে আসন সংরক্ষিত থাকবে।



মেট্রোরেল স্টেশনে শিশুদের ডায়াপার পরিবর্তনের ব্যবস্থা

## Disaster Management for Dhaka Metro Rail Network

Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় বাস্তবায়নাধীন অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা হিসেবে Metro Rail ব্যবস্থা দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময় সাশ্রয়ী, বিদ্যুৎচালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত। এই অত্যাধুনিক Metro Rail ব্যবস্থা প্রধানতঃ উন্নত নকশা, অত্যাধুনিক সরঞ্জামের ব্যবহার এবং যথাউপযুক্ত পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উপর নির্ভরশীল। Metro Rail-এ একটি প্রথা প্রচলিত আছে যে- "শেষ ট্রেন ছাড়ার পর কাজ শুরু হয়"। এর প্রকৃত অর্থ হল- (১) রক্ষণাবেক্ষণ পরিচালনার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ (২) পরিচালনার চেয়ে রক্ষণাবেক্ষণ বেশি চ্যালেঞ্জিং (৩) যথাযথ রক্ষণাবেক্ষণ ব্যতীত Metro Rail সিস্টেমের নিরাপত্তা নিশ্চিত করা যায় না। এই লক্ষ্যকে সামনে রেখে MRT Line-6 এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক **The Accident, Incidents & Disaster Manual for Dhaka Metro Rail** প্রণয়ন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় জুন ২০২১ মাসে ৩টি ব্যাচে ৫৫ জন কর্মকর্তাকে Mass Rapid Transit Safety Management System এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এই প্রশিক্ষণ অব্যাহত থাকবে।



Fire Alarm Panel



Manual Call Point



Fire Alarm



Water Hoses & inlet



Emergency Door



Smoke Detectors

### Fire Detection and Suppression System of MRT Network

#### ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন ৬টি মেট্রোরেলের রং নির্ধারণ

ঢাকা মেট্রো ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন MRT Line-6 এর পরামর্শক প্রতিষ্ঠান Dhaka Metro Rail Network এর ৬টি মেট্রোরেলের রং নিম্নোক্তভাবে নির্ধারণ করেছে:

এমআরটি লাইন	লাইনের রং বাংলা English	কালার কোড					রং এর নমুনা
		Hex	3M	RGB	CYMK	Pantone	
এমআরটি লাইন-৬	সবুজ Green	#006747	3630-6372	R0 G103 B71	C93 M10 Y75 K43	342 C	
এমআরটি লাইন-১	লাল Red	#DA291C	3630-143	R218 G41 B28	C0 M95 Y100 K0	485 C	
এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	আসমানী Sky Blue	#00B5E2	3630-7413	R0 G181 B226	C75 M0 Y5 K0	306 C	
এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	কমলা Orange	#FF8200	3630-74	R255 G130 B0	C0 M60 Y100 K0	151 C	
এমআরটি লাইন-২	বেগুনী Purple	#8031A7	VT22753	R128 G49 B167	C69 M99 Y0 K0	527 C	
এমআরটি লাইন-৪	নীল Blue	#003DA5	3630-187	R0 G61 B165	C100 M69 Y0 K4	293 C	



## উদ্ভাবনী আইডিয়া

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবানাধীন প্রকল্পসমূহের সকল ডকুমেন্ট ও তথ্য-উপাত্ত সংরক্ষণের নিমিত্ত **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ** শীর্ষক উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা হয়েছে। **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ** শীর্ষক উদ্ভাবনী ধারণাটির বিপরীতে জানুয়ারি - ডিসেম্বর ২০২১ সময়ে এমআরটি লাইন-৬ এর ডকুমেন্ট ও তথ্য-উপাত্ত **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ** শিরোনামে ডিএমটিসিএল এর ওয়েবসাইট ([www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)) এ সংরক্ষণ করা হবে। এই লক্ষ্যে ডিএমটিসিএল এর ওয়েবসাইটে ([www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)) একটি স্বতন্ত্র Logo ব্যবহার করে **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভের** সেবাবক্স তৈরি করা হয়েছে। ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে **ডিএমটিসিএল ডিজিটাল আর্কাইভ** সেবাবক্সে এমআরটি লাইন-৬ এর ডকুমেন্ট ও তথ্য-উপাত্ত আপলোড করা হচ্ছে। উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) দুইটি উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন করেছে। বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণকালে যানজট যাতে এ বুটে নির্মাণ শুরুর পূর্ব অবস্থায় বজায় থাকে সে লক্ষ্যে Traffic Management Plan সম্পর্কিত উদ্ভাবনী ধারণা (আইডিয়া আইডি নম্বর-১২২৩০) এবং নির্মাণকালীণ জনদুর্ভোগ হ্রাসে কম জায়গা ব্যবহার করে পরিবেশ বান্ধব ও নির্ঝঞ্ঝাট Screw Pile Foundation সম্পর্কিত অপর একটি উদ্ভাবনী ধারণা (আইডিয়া আইডি নম্বর - ১২৬২৯) পাইলটিং করে সফলভাবে বাস্তবায়ন করেছে। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ২০১৯-২০২০ অর্থ বছরে ডেঙ্গু প্রতিরোধকল্পে ডিএমটিসিএল-এর আওতায় বাস্তবায়নাদীন বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের রুট এ্যালাইনমেন্ট ও সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনায় এডিস মশার বংশবৃদ্ধি রোধ শীর্ষক উদ্ভাবনী ধারণা (আইডিয়া আইডি নম্বর ১৪০৩৬) পাইলটিং করে সফলভাবে বাস্তবায়ন করেছে।

## শোক দিবস পালন

### জাতীয় শোক দিবস ২০২০

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৫তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ১৫ আগস্ট ২০২০ তারিখ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে। নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রধান কার্যালয়ে সীমিত সংখ্যক কর্মচারীগণের অংশগ্রহণে এবং Zoom Apps-এর মাধ্যমে ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ এই আলোচনা সভা ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৫তম শাহাদত বার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল

## কর্মশালা ও সেমিনার

### উদ্ভাবন ও সেবা সহজিকরণ কর্মশালা

গত ১৫ মার্চ ২০২১ তারিখ এবং ১৪ জুন ২০২১ তারিখ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক দিনব্যাপী ০২টি কর্মশালা ডিএমটিসিএল এর উদ্যোগে a2i এর Resource Person-এর সহযোগিতায় অনুষ্ঠিত হয়। এই দুইটি কর্মশালায় মোট ৫৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রথম কর্মশালাটি শ্রেণী কক্ষে এবং দ্বিতীয় কর্মশালাটি ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়েছে। এই কর্মশালায় নাগরিক সেবায় উদ্ভাবন প্রক্রিয়া, সৃজনশীলতা, উদ্ভাবনী আইডিয়ার সফল বাস্তবায়নে করণীয় ইত্যাদি সম্পর্কে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে সম্যক ধারণা দেয়া হয়। এতে যোগ্য নেতৃত্ব প্রদানের মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং জনগণকে মানসম্মত ও কাঙ্ক্ষিত সেবা প্রদানে কর্মকর্তাগণ উদ্বুদ্ধ হয়েছেন।



১৫ মার্চ ২০২১ তারিখ অনুষ্ঠিত উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা

## সপ্তাহ, মেলা ও দিবস

### শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১

উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্র ভাষা করার জন্য মুসলিম লীগের চক্রান্তের বিরুদ্ধে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রস্তাবে ০২ মার্চ ১৯৪৮ তারিখ সর্বোদলীয় রাষ্ট্র ভাষা সংগ্রাম পরিষদ গঠন করা হয়। ১১ মার্চ ১৯৪৮ তারিখ বাংলা ভাষা দাবি দিবস পালন কর হয়। জেলে বন্দি অবস্থাতেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫২ সালের রাষ্ট্র ভাষা আন্দোলনে নিজেকে সক্রিয়ভাবে জড়িয়ে রেখেছিলেন এবং আন্দোলনকে সফল করার জন্য জেল থেকেই পাঠাতেন গুরুত্বপূর্ণ নির্দেশনা। ১৬ ফেব্রুয়ারি ১৯৫২ তারিখ থেকে বঙ্গবন্ধু জেলের ভিতরেই টানা ১১ দিন ধরে আমরণ অনশন করেন। একুশে ফেব্রুয়ারি বাংলাদেশের জনগণের ভাষা আন্দোলনের মর্মন্তুদ ও গৌরবোজ্জ্বল স্মৃতিবিজড়িত একটি দিন। ১৯৫২ সালের এ দিনে (৮ ফাল্গুন ১৩৫৮) বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের উপর পুলিশের গুলিবর্ষণে রফিক, জব্বার, শফিউল, সালাম, বরকত ও আরও অনেকে শহীদ হন। ২০১০ সালে জাতিসংঘ একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। তখন থেকেই বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে নিয়মিত উদ্যাপিত হয়ে আসছে। ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ ২০২১ সালের একুশে ফেব্রুয়ারি ভাষা শহীদদের প্রতি সম্মান জানাতে র্যালী যোগে কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত হয়ে যথাযথ মর্যাদায় শ্রদ্ধাজলি অর্পণ করেন।






শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে টিম ডিএমটিসিএল এর শ্রদ্ধাঞ্জলি

## উৎসব ও উদযাপন

### ঈদ শুভেচ্ছা বিনিময় ২০২০

গত ০৩ আগস্ট ২০২০ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারী করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে Zoom Apps-এর মাধ্যমে পরস্পর ঈদ শুভেচ্ছা বিনিময় করেন।



ঈদ-উল-আযহা ২০২০ উপলক্ষে ঈদ শুভেচ্ছা বিনিময়

## English New Year 2021

গত ০৩ জানুয়ারি ২০২১ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সকল গ্রেডের কর্মচারী এক অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে প্রধান কার্যালয়ে সীমিত সংখ্যক কর্মচারীগণের অংশগ্রহণে এবং Zoom Apps-এর মাধ্যমে ডিএমটিসিএল এর সকল গ্রেডের কর্মচারীগণ English New Year 2021-কে স্বাগতম জানায় এবং ইংরেজি নতুন বছরের শুভেচ্ছা বিনিময় করেন।



অনাড়ম্বর কিন্তু আনন্দঘন পরিবেশে English New Year 2021 উদ্‌যাপন

## উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষর

৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নধীন MRT Line-6 নির্মাণের নিমিত্ত ০৪(চার)টি, MRT Line-1 নির্মাণের নিমিত্ত ০২(দুই)টি এবং MRT Line-5: Northern Route নির্মাণের নিমিত্ত ০২(দুই)টি মোট ০৬(ছয়)টি ঋণ চুক্তি বাংলাদেশ সরকার উন্নয়ন সহযোগী সংস্থা Japan International Cooperation Agency (JICA) এর সঙ্গে স্বাক্ষর করেছে। MRT Line-5: Southern Route নির্মাণের নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা Asian Development Bank (ADB) এর সঙ্গে ১(এক)টি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে। ঋণ চুক্তির বিবরণ [পরিশিষ্ট-ব](#) তে দেয়া হয়েছে।

## ডিএমটিসিএল এর ভূ-সম্পত্তি

৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর ভূ-সম্পত্তির পরিমাণ ৯১.৮৩৫২৪ একর। তন্মধ্যে উত্তরা ডিপো এলাকায় ৫৮.৯০ একর, উত্তরা সেন্টার মেট্রো স্টেশন সংলগ্ন Transit Oriented Development (TOD) Hub ও Station Plaza এর জন্য ২৮.৬১৭ একর, মতিঝিলস্থ বৈদ্যুতিক রিসিভিং সাবস্টেশন এর জন্য ০.৩৩ একর এবং উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ স্টেশন সমূহের আনুসঙ্গিক স্থাপনাদি নির্মাণের জন্য ৩.৯৮৮২৪ একর। বিস্তারিত [পরিশিষ্ট-এ](#) তে দেয়া হয়েছে। ডিএমটিসিএল ভূ-সম্পত্তির ভূমি উন্নয়ন কর নিয়মিত পরিশোধ করে যাচ্ছে।



## গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্ক্ষিত ঘটনায় নিহত জাপানী নাগরিকদের স্মরণে স্মৃতিস্তম্ভ নির্মাণ

গত ০১ জুলাই ২০১৬ তারিখে ঢাকার গুলশান হলি আর্টিজান রেস্টুরেন্টে এক অনাকাঙ্ক্ষিত ঘটনায় ০৭(সাত) জন জাপানী নাগরিক নিহত হন। নিহত জাপানী নাগরিকগণ এমআরটি লাইন-১ এবং এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট এর পরামর্শক হিসেবে বাংলাদেশে কর্মরত ছিলেন। নিহত জাপানী নাগরিকগণ হলেন: Koyo Ogasawara, Makoto Okamura, Yuko Sakai, Rui Shimodaira, Hiroshi Tanaka, Nobuhiro Kurosaki এবং Hideki Hashimoto. সরকার নিহত এই ০৭(সাত) জন জাপানী নাগরিকের স্মরণে Memorial Monument নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition and Information Center-এ Memorial Monument নির্মাণ করা হচ্ছে। এমআরটি লাইন-১ এর নতুন বাজার মেট্রো স্টেশন নির্মাণের পর নির্মিত Memorial Monument টি সেখানে স্থানান্তরের পরিকল্পনা রয়েছে। উল্লেখ্য যে, Memorial Monument এর ডিজাইন Japan International Co-operation Agency (JICA) চূড়ান্ত করেছে।

## নভেল করোনা ভাইরাস (COVID-19) মহামারী

চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পে নিয়োজিত জনবলের পরিপূর্ণ Screening ব্যবস্থা চালু আছে। MRT Line-6 এর নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবলের নিরাপদ ও পৃথক অবস্থানের জন্য নির্মাণস্থলের সন্নিহিত ব্যারাক নির্মাণ করা হয়েছে। চলমান নভেল করোনা ভাইরাস (Covid-19) মহামারী পরিস্থিতি মোকাবেলায় গাবতলী কম্পট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চাবটি কম্পট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Field Hospital নির্মাণ করা হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ভার্চুয়ালি Field Hospital উদ্বোধন করেছেন। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে এবং পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত সকল বাংলাদেশী নাগরিককে সরকারি নির্দেশনা অনুযায়ী COVID-19 টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। প্রথম এবং দ্বিতীয় ডোজ টিকা গ্রহণকারীগণের একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। ডিএমটিসিএল-এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত বিদেশী জনবলকে জুন ২০২১ মাস হতে টিকা প্রদান কার্যক্রমের আওতায় আনা হয়েছে। মেট্রোরেলের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে ও শারীরিক দূরত্ব বজায় রেখে অব্যাহত রাখা হয়েছে। ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত মোট ৭৩৪ জন COVID-19-এ আক্রান্ত হয়েছেন। কোনো মৃত্যু নেই।



মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় কর্তৃক ভার্চুয়ালি Field Hospital এর উদ্বোধন

## মানবিক দায়বদ্ধতা

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কোনো জনবলের করোনা ভাইরাস উপসর্গ দেখা দিলে বা কেউ আক্রান্ত হলে তাঁদের সহযোগিতার জন্য DMTCL Quick Response Team গঠন করা হয়েছে। ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মচারীদের মধ্যে ১১-২০ গ্রেডের যে সকল কর্মচারী নভেল করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্ত হয়েছেন তাঁদেরকে প্রয়োজনে সহায়তা করার নিমিত্ত ১-১০ গ্রেডের কর্মচারীগণ স্বেচ্ছা অনুদান প্রদানের মাধ্যমে **করোনা সহায়তা তহবিল** গঠন করেছেন। **ডিএমটিসিএল করোনা সহায়তা তহবিল** থেকে করোনা ভাইরাস (COVID-19)-এ আক্রান্তদের মধ্যে নিম্নোক্ত ৪ (চার) জন কর্মচারির প্রত্যেককে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে:

১. জনাব মো: সূজন সরদার, গাড়িচালক, এমআরটি লাইন-৬;
২. জনাব মো: মনির উদ্দিন পাইক, গাড়িচালক, এমআরটি লাইন-৬;
৩. জনাব মো: আব্দুল জলিল, গাড়িচালক, এমআরটি লাইন-৬; এবং
৪. জনাব এডিসন চাকমা, গাড়িচালক, এমআরটি লাইন-১।

জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) লিভার ট্রান্সপ্ল্যান্ট চিকিৎসার জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) বরাবর আবেদন করেন। এই প্রেক্ষিতে মানবিক বিবেচনায় ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত ১ম থেকে ১০ম গ্রেড পর্যন্ত কর্মকর্তাগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ ৩,২০,৮৬৩/- (তিন লক্ষ বিশ হাজার আটশত তেষট্টি) টাকা গত ১২ এপ্রিল ২০২১ তারিখ প্রদান করা হয়।



জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর চিকিৎসার জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর পক্ষ্য থেকে চেক হস্তান্তর

## বিদায় সম্বর্ধনা

সহকর্মীদের কর্মস্থল পরিবর্তন ও চাকুরী থেকে অবসর গ্রহণকালে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এতে সহকর্মীদের মাঝে পারস্পারিক শ্রদ্ধাবোধ ও সহমর্মিতা গড়ে উঠে এবং সৃষ্ট নেটওয়ার্ক অব্যাহত থাকে। ২০২০-২০২১ অর্থবছরে নিম্নোক্ত ০১(এক) জন কর্মকর্তাকে অবসর উপলক্ষ্যে এবং ০২(দুই) জন কর্মকর্তাকে বদলিজনিত কারণে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয়েছে:



ক্রম	কর্মকর্তার নাম ও পরিচিত নাম	পদবি	অবমুক্তির তারিখ	ধরণ
১.	জনাব আশরাফুজ্জামান	অতিরিক্ত প্রকল্প পরিচালক এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট	২৮ ডিসেম্বর ২০২০	অবসর
২.	জনাব আশরাফুর রহমান	প্রকল্প ব্যবস্থাপক (ল্যান্ড এ্যাকুইজিশন এন্ড রিসেটেলমেন্ট) এমআরটি লাইন-১ [ই/এস]	০২ মে ২০২১	বদলি
৩.	জনাব মোঃ আব্দুল ওয়াদুদ	অতিরিক্ত প্রকল্প পরিচালক (এনভায়রনমেন্ট, হেলথ সেফটি এন্ড রিসেটেলমেন্ট এন্ড ল্যান্ড এ্যাকুইজিশন), এমআরটি লাইন-১ [ই/এস] এবং কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	৩০ জুন ২০২১	বদলি



২৮ ডিসেম্বর ২০২০ তারিখ অতিরিক্ত প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট-কে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়



৩০ জুন ২০২১ তারিখ জনাব মোঃ আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব), অতিরিক্ত প্রকল্প পরিচালক (ইএইচএসএন্ডআর এন্ড এলএ), এমআরটি লাইন-১ [ই/এস] এবং কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব), ডিএমটিসিএল-কে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়

## সম্ভাব্য চ্যালেঞ্জ

নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী বাংলাদেশে প্রাদুর্ভাবের সঙ্গে সঙ্গে বিদেশী পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবল স্ব স্ব দেশে প্রত্যাবর্তন করেন। মহামারী পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে পর্যায়ক্রমে বিদেশী জনবলের অধিকাংশকে বিশেষ উদ্যোগে বাংলাদেশে নিয়ে আসা সম্ভব হলেও বয়োজ্যেষ্ঠ জনবল এখনও বাংলাদেশে প্রত্যাবর্তন করেননি। এতে পরামর্শক ও ঠিকাদারী প্রতিষ্ঠানের বয়োজ্যেষ্ঠ বিদেশী জনবল সশরীরে বাংলাদেশে উপস্থিত থেকে নির্ধারিত কাজে অংশগ্রহণ করতে পারছেন না। চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে জাপানসহ বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশীদের গমনে নিষেধাজ্ঞা থাকায় এবং বিপরীতক্রমে বাংলাদেশ ভ্রমণের উপর সংশ্লিষ্ট দেশসমূহ কর্তৃক নিষেধাজ্ঞা আরোপ করায় আবশ্যিকীয় পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করা এবং আমদানীকৃত যন্ত্রপাতি ও নির্মাণ সামগ্রী নির্ধারিত সময়ে সরবরাহ পাওয়া সম্ভবপর হচ্ছে না। এই প্রেক্ষাপটে ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এমআরটি লাইন-৬ এর Early Commissioning এর লক্ষ্যমাত্রা অর্জন বিলম্বিত হতে পারে।





চিত্রে

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

এবং

এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিভিন্ন কার্যক্রম

মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



৩১ অক্টোবর ২০১৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন



মাননীয় প্রধানমন্ত্রী ২৬ জুন ২০১৬ তারিখ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল-এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন





মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ গণভবনে অনুষ্ঠিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এবং এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা



মাননীয় প্রধানমন্ত্রীকে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ এর আওতায় বাস্তবায়নাধীন মেট্রোরেল নেটওয়ার্ক ম্যাপ হস্তান্তর



১৫ এপ্রিল ২০২০ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীগণের নববর্ষ ভাতার সম্পূর্ণ অর্থ "প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল" এ অনুদান হিসেবে প্রদান





২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ৫ হাজার ১শত ৫২তম ভায়াডাক্ট স্থাপনের মাধ্যমে বাংলাদেশের প্রথম মেট্রোরেলের প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব থেকে আগারগাঁও অংশের ভায়াডাক্ট স্থাপন সম্পন্ন



বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন সেটের প্রথম কোচ গত ৩১ মার্চ ২০২১ তারিখ মোংলা সমুদ্র বন্দরে বহনকারী জাহাজ SPM Bangkok থেকে বার্জে স্থানান্তর





বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন সেটের প্রথম কোচ গত ২২ এপ্রিল ২০২১ তারিখ ঢাকার তুরাগ নদীর তীরে উত্তরা ডিপো সংলগ্ন এলাকায় নব নির্মিত ডিএমটিসিএল জেটিতে বহনকারী বার্জ থেকে লরিতে স্থানান্তর



বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন সেটের প্রথম কোচ গত ২২ এপ্রিল ২০২১ তারিখ উত্তরা ডিপোর অভ্যন্তরে Embedded Track এর উপর স্থাপন





উত্তরা ডিপোর অভ্যন্তরের ওয়ার্কসপের ইন্সপেকশন লাইনের উপর বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেন সেট



গত ১১ মে ২০২১ তারিখ উত্তরাস্থ ডিপোর অভ্যন্তরে রেলওয়ে ট্র্যাকের উপর বাংলাদেশের প্রথম মেট্রো ট্রেনের চলাচল প্রদর্শন



৩০ জুন ২০২১ তারিখ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর পরিচালনা পরিষদ

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	
১	জনাব মো: নজরুল ইসলাম সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	চেয়ারম্যান	
২	বেগম নীলুফার আহমেদ মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব পদমর্যাদায়) প্রধানমন্ত্রীর কার্যালয়	পরিচালক	
৩	জনাব মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এ্যাটর্নি জেনারেল-এর কার্যালয়	পরিচালক	
৪	খন্দকার রাফিকুর রহমান নির্বাহী পরিচালক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)	পরিচালক	
৫	অধ্যাপক ড. মোঃ হাদিউজ্জামান পরিচালক এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বুয়েট	পরিচালক	

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	
৬	জনাব মরন কুমার চক্রবর্তী অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) স্থানীয় সরকার বিভাগ	পরিচালক	
৭	জনাব সত্যজিত কর্মকার অতিরিক্ত সচিব অর্থ বিভাগ	পরিচালক	
৮	জনাব মোঃ ফারুকজ্জামান অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয়	পরিচালক	
৯	জনাব মোহা: গোলাম রাব্বানী যুগ্মসচিব (বাজেট) বিদ্যুৎ বিভাগ	পরিচালক	
১০	বেগম মারিয়া হাওলাদার এফসিএ ভাইস প্রেসিডেন্ট, আইসিএবি	পরিচালক	
১১	জনাব এম, এ, এন, হিদ্দিক ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)	পরিচালক	



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর জন্মলগ্ন থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত  
সমন্বিত অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভার বিবরণী

ক্রম	বোর্ড সভা	সভার তারিখ
০১	১ম সভা	১৬ নভেম্বর ২০১৪
০২	২য় সভা	২৯ জানুয়ারি ২০১৫
০৩	৩য় সভা	১৬ মার্চ ২০১৫
০৪	৪র্থ সভা	১৬ এপ্রিল ২০১৫
০৫	৫ম সভা	২৮ জুন ২০১৫
০৬	৬ষ্ঠ সভা	২৭ আগস্ট ২০১৫
০৭	৭ম সভা	২৫ নভেম্বর ২০১৫
০৮	৮ম সভা	৩১ ডিসেম্বর ২০১৫
০৯	৯ম সভা	০২ মার্চ ২০১৬
১০	১০ম সভা	১৬ মার্চ ২০১৬
১১	১১তম সভা	১৩ এপ্রিল ২০১৬
১২	১২তম সভা	১৯ মে ২০১৬
১৩	১৩তম সভা	০৩ আগস্ট ২০১৬
১৪	১৪তম সভা	২৫ সেপ্টেম্বর ২০১৬
১৫	১৫তম সভা	১৯ ডিসেম্বর ২০১৬
১৬	১৬তম সভা	২৮ ডিসেম্বর ২০১৬
১৭	১৭তম সভা	১৩ ফেব্রুয়ারি ২০১৭
১৮	১৮তম সভা	০২ এপ্রিল ২০১৭
১৯	১৯তম সভা	১৭ মে ২০১৭
২০	২০তম সভা	১৬ জুলাই ২০১৭
২১	২১তম সভা	১৭ আগস্ট ২০১৭
২২	২২তম সভা	২৭ ডিসেম্বর ২০১৭
২৩	২৩তম সভা	০৪ মার্চ ২০১৮
২৪	২৪তম সভা	০৫ এপ্রিল ২০১৮
২৫	২৫তম সভা	১০ মে ২০১৮
২৬	২৬তম সভা	১২ জুলাই ২০১৮
২৭	২৭তম সভা	২৭ সেপ্টেম্বর ২০১৮
২৮	২৮তম সভা	২২ নভেম্বর ২০১৮
২৯	২৯তম সভা	১০ ডিসেম্বর ২০১৮
৩০	৩০তম সভা	২৬ ডিসেম্বর ২০১৮
৩১	৩১তম সভা	২৭ মার্চ ২০১৯
৩২	৩২তম সভা	২০ জুন ২০১৯
৩৩	৩৩তম সভা	২৯ সেপ্টেম্বর ২০১৯
৩৪	৩৪তম সভা	১৮ নভেম্বর ২০১৯
৩৫	৩৫তম সভা	১৫ ডিসেম্বর ২০১৯
৩৬	৩৬তম সভা	২৩ ডিসেম্বর ২০১৯
৩৭	৩৭তম সভা	০৮ জুন ২০২০
৩৮	৩৮তম সভা	০৬ অক্টোবর ২০২০
৩৯	৩৯ তম সভা	০৯ ডিসেম্বর ২০২০
৪০	৪০তম সভা	২০ ডিসেম্বর ২০২০
৪১	৪১তম সভা	৩০ ডিসেম্বর ২০২০
৪২	৪২তম সভা	২৮ মার্চ ২০২০

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এ ০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত যীরা পরিচালনা পরিষদের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাঁদের তালিকা

ক্রম	নাম ও পদবি	পরিচালনা পরিষদে অবস্থান	সময়	
			হতে	পর্যন্ত
১	জনাব মো: নজরুল ইসলাম সচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	চেয়ারম্যান	০৯ নভেম্বর ২০১৭	চলমান
২	বেগম নীলুফার আহমেদ মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব) প্রধানমন্ত্রীর কার্যালয়	পরিচালক	২৭ মে ২০১৩	২২ ফেব্রুয়ারি ২০২০
	বেগম নীলুফার আহমেদ মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা), প্রধানমন্ত্রীর কার্যালয়		২৩ ফেব্রুয়ারি ২০২০	চলমান
৩	জনাব মুরাদ রেজা অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এ্যাটর্নি জেনারেল-এর কার্যালয়	পরিচালক	২৭ মে ২০১৩	১৩ ফেব্রুয়ারি ২০২১
	জনাব মোহাম্মদ মেহেদী হাসান চৌধুরী অতিরিক্ত এ্যাটর্নি জেনারেল এ্যাটর্নি জেনারেল-এর কার্যালয়		১৪ ফেব্রুয়ারি ২০২১	চলমান
৪	খন্দকার রাফিকুর রহমান নির্বাহী পরিচালক ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)	পরিচালক	১৮ জুন ২০১৮	চলমান
৫	অধ্যাপক ড. মো: মিজানুর রহমান পরিচালক এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বুয়েট	পরিচালক	০১ আগস্ট ২০১৮	১১ জানুয়ারি ২০২১
	অধ্যাপক ড. মোঃ হাদিউজ্জামান পরিচালক এক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বুয়েট		১২ জানুয়ারি ২০২১	চলমান
৬	জনাব মরন কুমার চক্রবর্তী অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) স্থানীয় সরকার বিভাগ	পরিচালক	০৫ ফেব্রুয়ারি ২০২০	চলমান
৭	জনাব সত্যজিত কর্মকার অতিরিক্ত সচিব অর্থ বিভাগ	পরিচালক	২৫ নভেম্বর ২০১৮	চলমান
৮	জনাব মো: ফারুকুজ্জামান অতিরিক্ত সচিব রেলপথ মন্ত্রণালয়	পরিচালক	০৫ ফেব্রুয়ারি ২০২০	চলমান
৯	জনাব মোহা: গোলাম রাব্বানী যুগ্মসচিব (বাজেট) বিদ্যুৎ বিভাগ	পরিচালক	২৩ জানুয়ারি ২০১৯	চলমান
১০	জনাব মুহাম্মদ ফারুক এফসিএ প্রেসিডেন্ট, আইসিএবি	পরিচালক	০৫ ফেব্রুয়ারি ২০২০	০৮ মার্চ ২০২১
	বেগম মারিয়া হাওলাদার এফসিএ ভাইস প্রেসিডেন্ট, আইসিএবি		০৯ মার্চ ২০২১	চলমান
১১	জনাব এম, এ, এন, ছিদ্দিক ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)	পরিচালক	২৬ অক্টোবর ২০১৭	চলমান



ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নধীন MRT Line-6 এর  
কার্যক্রম পর্যালোচনায় গত ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত Foreign Aided Project Audit  
Directorate (FAPAD) কর্তৃক উপস্থাপন অডিট আপত্তির সর্বশেষ অবস্থা

ক্রম	অর্থবছর	অডিট আপত্তির বিবরণ			আপত্তির ধরণ	মন্তব্য
		আপত্তির সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন		
১.	২০১২-২০১৩	-	-	-	-	কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি
২.	২০১৩-২০১৪	০১	০১	-	পার্ট B = ০১টি	আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে
৩.	২০১৪-২০১৫	০৭	০৭	-	পার্ট B = ০৭টি	
৪.	২০১৫-২০১৬	০৮	০৮	-	পার্ট A = ০১টি পার্ট B = ০৭টি	
৫.	২০১৬-২০১৭	১৪	৩টি পূর্ণ ১টির আংশিক	১০টি পূর্ণ ১টির আংশিক	পার্ট A = ১০টি পার্ট B = ০৪টি	২০১৬-২০১৭ অর্থবছরের আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে FAPAD-এ প্রক্রিয়াধীন আছে
মোট=		৩০	১৯টি পূর্ণ ১টির আংশিক	১০টি পূর্ণ ১টির আংশিক	পার্ট A = ১১টি পার্ট B = ১৯টি	

পার্ট A = অগ্রিম আপত্তি

পার্ট B = সাধারণ আপত্তি

**MRT Line-1 নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং রুট এ্যালাইনমেন্টে Station Plaza ও TOD Hub নির্মাণ ও পরিচালনার নিমিত্ত সরকার কর্তৃক ডিএমটিসিএল এর অনুকূলে ইস্যুকৃত মেট্রোরেল লাইসেন্স**

 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ		[মেট্রোরেল বিধিমালা-২০১৬ এর বিধি ৭ এর উপ-বিধি(৩)(ক) অনুসারে]																																												
<b>মেট্রোরেল লাইসেন্স</b>																																														
		লাইসেন্স নম্বর : ০২/২০২০ ইস্যুর তারিখ : ২৬ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ মেয়াদ উত্তীর্ণের তারিখ : ২৫ নভেম্বর ২০৪৫ খ্রিস্টাব্দ নবায়নের তারিখ : নবায়নকৃত লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ :																																												
১। লাইসেন্সীর নাম	: বাবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড																																													
কোম্পানির নিবন্ধন নম্বর	: C-109490/13																																													
ঠিকানা	: প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০																																													
ফোন ও ফ্যাক্স	: +৮৮-০২-৫৫২৩৮০৯৯ এবং +৮৮-০২-৯৩৫৩৫০৭																																													
ই-মেইল	: md@dmtcl.gov.bd																																													
২। মেট্রোরেলের রুট	: <b>বিমানবন্দর রুট:</b> কমলাপুর- রাজারবাগ- মালিবাগ- রামপুরা- হাতিরঝিল পূর্ব- বাজা- উত্তর বাজা- নতুন বাজার- যমুনা ফিউচার পার্ক- খিলক্ষেত- এয়ারপোর্ট টার্মিনাল ও- এয়ারপোর্ট																																													
	: <b>পূর্বাচল রুট:</b> নতুন বাজার- যমুনা ফিউচার পার্ক- বসুন্ধরা- পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি (পিওএইচএস)- মাস্তুল- পূর্বাচল পশ্চিম- পূর্বাচল সেন্টার- পূর্বাচল পূর্ব- পূর্বাচল টার্মিনাল																																													
৩। মেট্রোরেলের ব্যবসায় পরিধি	: Mass Rapid Transit (MRT) Line-1 নির্মাণ, রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও ব্যবস্থাপনা এবং MRT Line-1 এর রুট এ্যালাইনমেন্টে Station Plaza ও Transit Oriented Development (TOD) নির্মাণ ও পরিচালনা																																													
